




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

সোমবার

বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৪৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ১৫ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা

০৫ জুন ২০২৩









## মিথ্যাচার বিএনপির একমাত্র সম্বল

**এস এ বিপ্লব, নওগাঁ প্রতিনিধি :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মিথ্যাচারই বিএনপির একমাত্র সম্বল। বিদেশিদের কাছে রোজ রোজ নালিশ করা ছাড়া তাদের আর কোন কাজ নেই। তিনি বলেন, ক্ষমতার ময়ূর ২-এর পাতায় দেখুন




## ভারত, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রের বাজেট ঘাটতি বাংলাদেশের চেয়ে বেশি

**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'বাজেট নিয়ে যে 'পেশাদার সমালোচক'রা বলেন যে তারা অনেক গবেষণা করেন, বাজেটের ঘাটতিকে বড় করে দেখান, তাদের দৃষ্টি আকর্ষণ করে বলছিড় আমাদের দেশে ২০২৩-২৪ ২-এর পাতায় দেখুন



## গুলশানে আওয়ামী লীগের প্রার্থী হতে পারেন মোহাম্মদ এ. আরাফাত

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হতে যাচ্ছেন দলের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য মোহাম্মদ এ. আরাফাত। আওয়ামী লীগের একাধিক দায়িত্বশীল সূত্র বাংলা ইনসাইডারকে এ তথ্য নিশ্চিত ২-এর পাতায় দেখুন



## চিলাহাটি এক্সপ্রেসের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ নতুন যাত্রীবাহী ট্রেন- চিলাহাটি এক্সপ্রেস উদ্বোধন করেছেন। ট্রেনটি চিলাহাটি-ঢাকা-চিলাহাটি রুটে চলাচল করবে।

প্রধানমন্ত্রী নীলফামারীর চিলাহাটি রেলওয়ে স্টেশনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তার সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি যোগদানের মাধ্যমে হুইসেল বাজিয়ে ও পতাকা নেড়ে ট্রেনের উদ্বোধন করেন।

আধুনিক সুযোগ-সুবিধা সহ ৮০০ জন যাত্রী বহনের ক্ষমতা সম্পন্ন নতুন চিলাহাটি এক্সপ্রেস সপ্তাহে ছয় দিন চিলাহাটি-ঢাকা-চিলাহাটিতে চলাচল করবে।

হলদিবাড়ী-চিলাহাটি রুটে বাংলাদেশ ২-এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোববার গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নীলফামারীর চিলাহাটি প্রান্তে ঢাকা-চিলাহাটি-ঢাকা রুটে নতুন যাত্রীবাহী ট্রেন 'আন্তঃনগর চিলাহাটি এক্সপ্রেস' উদ্বোধন অনুষ্ঠানে হুইসেল বাজিয়ে এবং সবুজ পতাকা উড়িয়ে ট্রেন চলাচলের উদ্বোধন করেন।

## তীব্র দাবদাহে সব সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা

**নিজস্ব প্রতিবেদক :** তীব্র দাবদাহের কারণে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম ৫ জুন থেকে ৮ জুন পর্যন্ত বন্ধ থাকবে। রোববার (৪ জুন) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে এ ঘোষণা দেওয়া হয়েছে।

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দেশব্যাপী তীব্র দাবদাহের কারণে কোমলমতি ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য সুরক্ষা বিবেচনা করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এই সিদ্ধান্ত নিয়েছে।

এর আগে তীব্র দাবদাহের কারণে সারাদেশে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে বিলাসবহুল গাড়িসহ 'সিআইপি'এক অনলাইন জুয়াড়ি আটক

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ৬৮ লাখ টাকা দামের বিলাসবহুল গাড়িসহ তাওহীদ হোসেন (৩৮) নামে এক অনলাইন জুয়াড়িকে আটক করা হয়েছে। রোববার দুপুরে শহরের পানি উন্নয়ন বোর্ডের সামনে থেকে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে তাকে আটক করে এনএসআই। সেসময় তার দেহ তল্লাশি চালিয়ে একটি পিস্তল সদৃশ বস্তুউদ্ধার করে তারা। এরপর তাকে সদর থানায় হস্তান্তর করা হয়। আটককৃত তাওহীদ ২-এর পাতায় দেখুন

## জিএম কাদেরকে ডেকে নির্বাচনের পরিকল্পনা জানতে চাইলেন পিটার হাস

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে সাক্ষাৎ করেছেন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান ও সংসদের বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের। রোববার (৪ জুন) দুপুর ৩টার দিকে গুলশানে পিটার হাসের বাসভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় জিএম কাদেরের সঙ্গে ছিলেন তার বিশেষ দূত মাসরুর মওলা। জাপা চেয়ারম্যানের বিশেষ দূত মাসরুর মওলা বলেন,'এটি নরমাল একটি মিটিং ছিল। তিনি আমাদের ডেকেছেন, আমরা গিয়েছিলাম। সাক্ষাতে নরমাল কথাবার্তা হয়েছে।' নির্বাচন প্রসঙ্গে আলোচনা হয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে মাসরুর ২-এর পাতায় দেখুন

# প্রধানমন্ত্রী চাইলে নির্বাচনকালীন ছোট সরকার গঠন করবেন

**নিজস্ব প্রতিবেদক :** আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, সংসদীয় গণতন্ত্রের ভিত্তিতে আমাদের রাষ্ট্র পরিচালিত হয়। প্রধানমন্ত্রী যখন মনে করবেন নির্বাচনকালীন সময়ে তিনি একটি ছোট সরকার গঠন করবেন।

তিনি বলেন, আমার মনে হয় এ ব্যাপারে কোনো অস্পষ্টতা নেই। কারণ প্রধানমন্ত্রী ইতোমধ্যেই বলে দিয়েছেন নির্বাচনকালীন সরকারের কথা। নির্বাচনকালীন



সরকারের কারা কারা থাকতে পারেন এই রূপরেখা তিনি দিয়ে দিয়েছেন।

গতকল রোববার বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সেমিনার হল রুমে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের মহাপরিচালক বিচারপতি নাজমুন আরা সুলতানা। উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের সচিব গোলাম সারওয়ার। অনুষ্ঠানে ২-এর পাতায় দেখুন

# দুই সপ্তাহের মধ্যে লোডশেডিং পরিস্থিতি উন্নতির আশা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী দুই সপ্তাহের মধ্যে চলমান লোডশেডিং পরিস্থিতির উন্নতি হতে পারে বলে জানিয়েছেন বিদুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ।

তিনি বলেন, বেশ কিছুদিন যাবৎ লোডশেডিং বেড়ে গেছে। আরও দুই সপ্তাহ লোডশেডিং হতে পারে। আমরা আশা করছি- আগামী দশ থেকে পনেরো দিনের মধ্যে এ সমস্যার সমাধান হবে।

গতকাল রোববার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে



সাংবাদিকদের সঙ্গে আলোচনাকালে এসব কথা বলেন তিনি।

নসরুল হামিদ বলেন, পরিস্থিতি সামাল দিতে আমরা দুই মাস আগে থেকে চেষ্টা করেছি। কিন্তু সার্বিকভাবে আমাদের অনেক কিছুই দেখতে হয়। অর্থনৈতিক একটা বিষয় আছে। তেল ও গ্যাসের যোগানের বিষয় আছে।

এদিকে প্রচণ্ড গরমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পাচ্ছেন না বিভিন্ন স্থানের মানুষ। দেশজুড়ে ঘণ্টায় ঘণ্টায় ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতিপর্যালোচনা ও মনিটরিং সংক্রান্ত মতবিনিময় সভা

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রোবব-ার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। পৌর মেয়র, উপজেলা নির্বাহী অফিসার, ইউনিয়ন পরিষদ ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (বালক অনূর্ধ্ব ১৭) ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ( বালিকা) জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট এর উদ্বোধন করা হয়েছে। রোববার সকাল ৯টায় কালীগঞ্জ শহেরর শেখ রাসেল মিনি ষ্টেডিয়ামে এ খেলার উদ্বোধন করেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। এসময় উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান এসএম ২-এর পাতায় দেখুন



## হাসপাতাল চত্বর থেকে অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক এলাকা থেকে অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তার বয়স আনুমানিক ৫৫ বছর। সোমবার দুপুর ২টার দিকে হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসারের সরকারি বাসভবনের সামনে থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, দুপুরে সদর হাসপাতালের আবাসিক এলাকায় অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নিহত ওই ব্যক্তির ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে মুজিববর্ষের গৃহনির্মাণ কাজ পরিদর্শন করলেন জেলা প্রশাসক



**কোটচাঁদপুর প্রতিনিধি :** ঝিনাইদহের কোটচাঁদপুরে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় মুজিববর্ষ উপলক্ষ্যে 'ভূমিহীন ও গৃহহীন (ক শ্রেণী)' পরিবারের জন্য ৪র্থ পর্যায়ের উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরাম নগর গ্রামে মুজিববর্ষের ২৯ টি নির্মাণধীন ঘর পরিদর্শন করেন ঝিনাইদহের জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। শনিবার ২-এর পাতায় দেখুন

জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ

# ঝিনাইদহে আবাসিক এলাকায় অনুমোদনহীন চারকোল কারখানা

### ধোঁয়ায় আচ্ছন্ন গ্রামবাসী ভুগছে বিভিন্ন রোগে

**এম.মাসুম আজাদ :** ঝিনাইদহ সদর উপজেলায় মধুপুর ছেড়ে কালা লক্ষীপুর গ্রামে পরিবেশ অধিদফতরের ছাড়পত্র না নিয়ে গড়ে তোলা অবৈধ চারকোল কারখানার (পাটখড়ির ছাই থেকে কার্বন



তৈরির কারখানা) ছাই ও কালো ধোঁয়ায় মারাত্মকভাবে পরিবেশ দূষিত হচ্ছে। আর এ পরিবেশ দূষণের ক্ষতিকর ভাব পড়ছে স্থানীয় বাসিন্দাদের উপর। শ্বাসকষ্ট, এ্যাজমা ও হাঁপানিসহ নানা রোগে আক্রান্ত হচ্ছে শিশু ও বৃদ্ধসহ বিভিন্ন বয়সী মানুষ। একই কারণে কমছে ফসলি জমির উৎপাদনও। গ্রামবাসী দ্রুত এই কারখানাটি ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে জমি নিয়ে বিরোধের জেরে মুক্তিযোদ্ধাকে লাঞ্ছিত

**নিজস্ব প্রতিবেদক :** জমি নিয়ে বিরোধের জের ধরে ঝিনাইদহ সদর উপজেলার কুটিদুর্গাপুর গ্রামের মুক্তিযোদ্ধা মোসলেম উদ্দিনকে লাঞ্ছিত করেছে প্রতিপক্ষরা। গান্না ইউনিয়নের শোলমারি বাজারে প্রকাশ্যে জুতা দিয়ে মারধর করছে একই গ্রামের নবী মন্ডলের ছেলে আকরাম মন্ডল।

মুক্তিযোদ্ধা মোসলেম উদ্দিন অভিযোগ করে বলেন, আমার একটি জমি নিয়ে বেশ কিছুদিন ঝামেলা চলছিলো। সঠিক বিচার পাওয়ার আশায় সদর থানায় একটি এজাহার ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।





চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার

অন্যতম প্রতিষ্ঠাতা

জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ — দৈনিক গড়ব বাংলাদেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন




## ঝিনাইদহে ক্লাস ফাঁকি দিয়ে আড্ডা, ২৪ শিক্ষার্থী আটক

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে স্কুল ও কলেজে ক্লাস ফাঁকি দিয়ে আড্ডা দেওয়ায় ২৪ শিক্ষার্থীকে আটক করেছে সদর থানা পুলিশ। রোববার সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন এলাকা থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, শহরে কিশোর গ্যাং প্রতিরোধ ও কোমলমতি শিক্ষার্থীরা যাতে বিপথগামী হতে না পারে সে জন্য স্কুল টাইম কঠোর ভাবে ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

সোমবার ০৫ জুন ২০২৩

# বায়োগ্যাসে ঝুঁকছে গ্রাহকরা



**স্টাফ রিপোর্টার :** বিস্ফোরণের ঝুঁকিমুক্ত বায়োগ্যাসে ঝুঁকছে বাণিজ্যিক ও সাধারণ গ্রাহক। বর্তমানে চট্টগ্রামে খামারভিত্তিক বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ফলে জেলার বিভিন্ন উপজেলায় সাধারণ গ্রাহক এলপিজি সিলিন্ডারের বিকল্প হিসেবে ব্যবহার করছেন বায়োগ্যাস। চট্টগ্রামের বিভিন্ন উপজেলায় গরুর খামার বেশি থাকায় খামারিরা বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্যোগ নিচ্ছে। বর্তমানে ওসব অঞ্চলে বায়োগ্যাস সরবরাহ ২৪ ঘন্টা পাওয়া গেলেও দাম একটু বেশি পড়ছে। কারণ পর্যাপ্ত বিনিয়োগ না থাকায় খাতটিতে উল্লেখযোগ্য সম্প্রসারণ ঘটেনি। বাংলাদেশ বায়োগ্যাস ডেভেলপমেন্ট ফাউন্ডেশন সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, এলপিজি ব্যবহারে সিলিন্ডারের মতো বিস্ফোরণের ঝুঁকি বায়োগ্যাসে নেই। আর দেশে এলপিজি সিলিন্ডারের চাহিদা বেশি হলেও ঊর্ধ্বমুখী দামের কারণেই চট্টগ্রামে বায়োগ্যাস ব্যবহারের দিকে ঝুঁকছে বাণিজ্যিক ও সাধারণ গ্রাহকরা। বিগত ২০০৭ সালের দিকে চট্টগ্রামের তৎকালীন পটিয়া উপজেলার শিকলবাহা এলাকায় খামারভিত্তিক বা ব্যক্তিগত পর্যায়ে বায়োগ্যাস প্ল্যান্ট শুরু হয়। তবে পরবর্তী সময়ে নতুন কর্ণফুলী উপজেলা গঠিত হলে বেশির ভাগ বায়োগ্যাস প্রকল্প কর্ণফুলী উপজেলার অন্তর্গত হয়। বর্তমানে কর্ণফুলী উপজেলাকে গরুর খামারের উপজেলা বলা যায়। কারণ উপজেলার শিকলবাহা এলাকায় মূলত ছোট বড় খামারভিত্তিক প্রতিষ্ঠান গড়ে উঠেছে। সেখানে দেড় হাজারের মতো গরুর খামার রয়েছে আর বায়োগ্যাস প্লান্টের সংখ্যা প্রায় ৯৫০টি। উপকারভোগীর সংখ্যা প্রায় ৫ হাজার পরিবার। তাছাড়া পটিয়ার কচুয়াই, হাইদগাঁও, জঙ্গলখাইন, জিরি এলাকায় পাঁচ শতাধিক

২-এর পাতায় দেখুন

## গোপালগঞ্জে জাল টাকা ও সরঞ্জামসহ দম্পতি গ্রেপ্তার

**গোপালগঞ্জ প্রতিনিধি :** বিপুল পরিমান জাল টাকা ও তৈরির সরঞ্জামসহ দম্পতিকে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার রাতে তাদের গোপালগঞ্জ শহরের পূর্ব মিয়াপাড়া এলাকার একটি ভাড়া বাড়িতে অভিযান গ্রেপ্তার করে।

গ্রেপ্তার হওয়া দম্পতি হল, কামরুল ইসলাম ও তার স্ত্রী হোসনা বেগম। তারা বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার লাকুরতলা গ্রামের বাসিন্দা।

গোপালগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ জাবেদ মাসুদ জানান, পূর্ব মিয়াপাড়া এলাকার সৌদি প্রবাসী হায়াত আলীর ৪র্থ তলার একটি ফ্লাট ভাড়া নিয়ে জাল টাকা তৈরি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে রাত ১২টার দিকে অভিযান চালানো হয়। এ সময় টাকা প্রিন্ট করা অবস্থায় ওই দম্পতিকে গ্রেপ্তার করা হয়।

এ সময়ে বাসা থেকে উদ্ধার করা হয় ১টি ল্যাপটপ, দুটি প্রিন্টার, কেমিকেল, টাকা ছাপানোর বিশেষ কাগজ, কাঠের তৈরি ফরমা ও বিপুল পরিমান জাল টাকা। জাল টাকা ছাপানো চক্রের অন্যান্য সদস্যদের গ্রেপ্তারের অভিযান চলছে বলেও জানান ওই পুলিশ কর্মকর্তা। খবর পেয়ে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ খায়রুল আলম ঘটনাস্থল পরিদর্শন করেন।

# গাংনী কৃষি অফিসে তথ্য অধিকার আইনে আবেদন করেও মিলছে না সঠিক তথ্য




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলা কৃষি অফিসে তথ্য অধিকার আইনে তথ্য চেয়েও মিলছে না সঠিক তথ্য। গত ১০ শে এপ্রিল পর্যন্ত মজুমকৃত সার কৃষকদের কাছে বিক্রির ক্ষেত্রে ডিলারদের প্রতি ডিডি মহোদয়ের কী কী নির্দেশনা ছিলো? গত ১ এপ্রিল থেকে ৯ এপ্রিল পর্যন্ত ইউনিয়ন ভিত্তিক প্রত্যেক বিসিআইসি ডিলারের গুদামে প্রতিদিনের মজুদকৃত সারের পরিমাণের তথ্য। আসলেই কতজনকে এবং কাদেরকে কেমন মূল্যে দেওয়া হয়েছে রাসায়নিক সার। এমন প্রশ্নই ঘুরপাক খাচ্ছে চাষীদের মাঝে। এবিষয়ে গাংনী কৃষি অফিস তথ্য আইন লঙ্গন করে সংশ্লিষ্ট দপ্তরের স্বাক্ষর/সীলমোহর বাদে সাদা কাগজে ভিত্তিহীন তথ্য প্রদান করেছে। এছাড়াও বিসিআই ডিলার কর্তৃক বরাদ্দকৃত সার বেশি দামে, সময়মত ও সঠিক পরিমাণ না দেওয়ায় কৃষকদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। গাংনী উপজেলা কৃষি কর্মকর্তার নিকট এসব তথ্য চেয়ে গত ২৮ মে দৈনিক

২-এর পাতায় দেখুন

## চীনে ভূমিধসে নিহত অন্তত ১৪

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সিচুয়ান প্রদেশের পার্বত্য এলাকায় ভূমিধসে অন্তত ১৪ জনের প্রাণহানি ঘটেছে। ভূমিধসের এই ঘটনায় নিখোঁজ আছেন আরও কমপক্ষে পাঁচজন। রোববার চীনের রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যম সিসিটিভির এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

সিসিটিভি বলছে, রোববার সকালের দিকে সিচুয়ানের দক্ষিণের লেশান শহরের কাছের পার্বত্য এলাকায় ভূমিধসের ঘটনা ঘটেছে। স্থানীয় সময় সকাল ৬টার দিকের এই ভূমিধসে ১৪ জন নিহত ও পাঁচজন আহত হয়েছেন। দেশটির রাষ্ট্রায়ত্ত এই সংবাদমাধ্যম বলছে, ভূমিধসের স্থানে ১৮০ জনের বেশি উদ্ধারকারী কর্মী মোতায়েন করা হয়েছে। ঘটনাস্থলে এখনও তল্লাশি ও উদ্ধার অভিযান অব্যাহত আছে।

ভূমিধসের দুদিন আগে থেকেই লেশান শহরে ভারী বৃষ্টিপাত চলছে বলে দেশটির আবহাওয়া ট্র্যাকিং তথ্যে জানা গেছে। সূত্রঃ রয়টার্স।

## ডেঙ্গুতে আরও ৩ জনের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** গত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও তিন জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট ১৬ জন প্রাণ হারালেন।

গতকাল রোববার সারা দেশের পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের নিয়মিত ডেঙ্গু বিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

এদিকে, ডেঙ্গু-আক্রান্ত হয়ে একদিনে নতুন করে হাসপাতালে ভর্তি

২-এর পাতায় দেখুন

## গাংনীতে ছাদ চাপায় কলেজ ছাত্রের মৃত্যু



**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে ছাঁদ চাপা পড়ে জয় আহমেদ (১৮) নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। কলেজ ছাত্র জয় দেবীপুর গ্রামের শাহজাহান আলীর ছেলে। শনিবার সন্ধ্যা ৭ টার দিকে দেবীপুর গোরস্তান গেইটের ছাদ মাথায় পড়ে এ দুর্ঘটনা ঘটে। জয় একই গ্রামের ফজলুর রহমানের পালিত সন্তান। জয় গাংনী সরকারী ডিগ্রী কলেজের এইচএসসির প্রথম বর্ষের ছাত্র। স্থানীয়রা জানান,জয় শনিবার সন্ধ্যার দিকে গ্রামের একটি আম বাগানে সহপাঠীদের সাথে গল্প করছিলেন। গল্প করে বাড়ি ফেরার সময় গোরস্তানের পাঁচীরের ছাদে শরীর চর্চার জন্য ঝুল দিচ্ছিলেন। কয়েক বার ঝুল দিলে, ছাদ ভেঙে তার বুকের উপর পড়ে। সহপাঠীরা তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য প্রথমে বামন্দীর

২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে যুবকের আত্মহত্যা

**কোটচাঁদপুর প্রতিনিধি :** ঝিনাইদহের কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে ফরহাদ হোসেন( ১৮) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। সে কোটচাঁদপুরের দুধসরা হঠাৎ পাড়ার আক্তার হোসেনের ছেলে। শনিবার রাতে ঘটনাটি ঘটেছে।

জানা যায়, পারিবারিক কলহের জেরে শনিবার রাত ৯ টার সময় বাড়ি থেকে বের হয়ে যায় ফরহাদ। ওই রাতে তাঁর পরিবারের লোকজন অনেক খোজাখুজি করেন। তবে খুজে পায় না। ভোর রাতে আবারও খুজতে বের হই তাঁর স্বজনরা। কোন জায়গায় তাঁর খোজ পায়নি। ভোর রাতে পাশের বাড়ির সাহিদা খাতুন বাগানে আম কুড়াতে গিয়ে ছিল। ওনি আম গাছে ফরহাদের ঝুলন্ত

২-এর পাতায় দেখুন

## স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



**রশিদুল ইসলাম রিপন, স্টাফ রিপোর্টারঃ** "জীবন ও সাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য" এই প্রতিপাদ্য বিষয় নিয়ে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রোববার(০৪ জুন) সকাল ১১টায় লালমনিরহাট জেলা প্রশাসক সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের সহযোগিতায় অনুষ্ঠান কর্মশালায় প্রধান অতিথি ছিলেন, জেলা প্রশাসক মোহাম্মদ উল্যাহ।

এসময় বক্তব্য রাখেন জেলা নিরাপদ খাদ্য অফিসার গৌতম কুমার সাহা, বাংলাদেশ নিরাপদ খাদ?্য কতৃপক্ষ প্রধান কার্যালয়ের বৈজ্ঞানিক কর্মকর্তা শৌরব কুমার সিংহ, বাংলাদেশ প্রেসক্লাব লালমনিরহাটের সভাপতি এস আর শরিফুল ইসলাম রতন, সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, আলোর মনি নির্বাহী সম্পাদক হেলাল হোসেন কবির প্রমূখ।

এসব প্রধান অতিথি বলেন,খাদ্যের মান নিয়ে যেসব কর্তৃপক্ষ কাজ করছে তাদের সমন্বয় করে কাজ করতে হবে। পাশাপাশি নিরাপদ খাবারের মান নিয়ন্ত্রণের জন্য যেসব মান নিয়ন্ত্রণকারী সংস্থা রয়েছে তাদের সক্রিয় ভূমিকা রাখতে হবে এবং নিরাপদ খাদ্য গ্রহণে জনগণকে সচেতন

২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহের কুমড়াবাড়ীয়ায় বিশ্ব দুগ্ধ দিবস উদযাপন

**সাব্বির আহমদ জুয়েল :** টেকসই দুগ্ধ শিল্প, সুস্থ মানুষ, সবুজ পৃথিবী এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের কুমড়াাবাড়ীয়ায় বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়েছে। ইউএসএআইডির অর্থায়নে রোববার কুমড়াাবাড়ীয়ায় ইউনিয়নের ঘোষপাড়ায় ৬০জন নারী-পুরুষ খামারিদের নিয়ে আন্তর্জাতিক সংস্থা এসিডিআইভোক গবাদি প্রানি পালন ও পুষ্টি প্রকল্পের অধীনে অনুষ্ঠানটি হয়। এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারী এলএসপি মোছাঃ তাহমিজা হাফিজ, মোঃ রাসেল আহমেদ হাফিজ, ইউনিয়নের এলএসপি মোঃ শাহাবুদ্দিন আহমেদ। উক্ত

২-এর পাতায় দেখুন

## দুদকের গণশুনানীতে অভিযোগ দিয়ে নিজেই জালিয়াতি ও তথ্য গোপনের দায়ে ফাঁসলেন সাকিব



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে দুর্নীতি দমন কমিশনের গণশুনানীতে অভিযোগ দিয়ে জালিয়াতি ও তথ্য গোপনের দায়ে নিজেই ফেঁসে গেছেন সাকিব আহম্মেদ ওরফে সাকিবুল হাসিফ নামে এক যুবক। গত ১৭ মে ঝিনাইদহ শিল্পকলা একাডেমী মিলনায়তনে সাকিব জেলা নির্বাচন কর্মকর্তার বিরুদ্ধে হয়রানী ও অসহযোগীতার অভিযোগ তোলেন দুদক কর্মকর্তাদের সামনে। সাকিবের কাগজপত্র যাচাই বাছাই করতে গিয়ে ঝিনাইদহ জেলা নির্বাচন অফিস প্রতারণা, মিথ্যাচার, তথ্য গোপন, বিশ্বাসভঙ্গ ও জালিয়াতির একাধিক সত্যতা পেয়েছে। প্রাপ্ত তথ্যমতে সাকিব ঝিনাইদহ পৌরসভার কাঞ্চননগর পাড়ার দাউদ হোসেনের ছেলে। তিনি ২০২২ সালে নতুন ভোটার হওয়ার সময় নিবন্ধন ফরমে নিজেকে সাকিব আহম্মেদ দাবী করে চতুর্থ শ্রেনী পাশ ও বেকার হিসেবে উল্লেখ করেন। হাল নাগাদ নতুন ভোটার তালিকায় তার জন্ম তারিখ প্রদান করা হয় ০১/১২/২০০০ সাল।

তার ডিজিটাল জন্মনিবন্ধন ২০০০৪৪২১৬০৬১৩৯২৪৫। ভোটার এলাকা দেখানো হয় ভুটিয়ারগাতি। এই তথ্য দিয়ে তিনি নতুন ভোটার হন এবং ব্যাংক থেকে ঋন গ্রহন করেন বলে অভিযোগ। কার্যসিদ্ধির পর ২০২৩ সালে তিনি তার নামসহ বিভিন্ন তথ্য সংশোধন চেয়ে

২-এর পাতায় দেখুন



## গাংনীতে পুলিশ কনস্টেবলের রহস্যজনক মৃত্যু

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার এলাঙ্গী পুলিশ ক্যাম্পে কর্মরত শাহেদ (২৬) নামের এক কনস্টেবলের রহস্যজনক মৃত্যু ঘটেছে। রবিবার সকাল ৯টার দিকে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মৃত শাহেদের মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে প্রেরণ করা হয়। শাহেদ কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার আদাবাড়িয়া গ্রামের বজলুর রহমানের ছেলে। এলাঙ্গী

২-এর পাতায় দেখুন

## গাংনীতে বাবার কবর নিয়ে দুই ভাইয়ের মধ্যে দ্বন্দ্ব, আহত ৩



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে বাবার কবর নিজ সীমানায় রাখতে দুই ভায়ের মধ্যে বিরোধের জের ধরে চাচা ও চাচাতো ভাইয়ের হামলায় একই পরিবারের তিন জন আহত হয়েছে। রবিবার দুপুরের দিকে গাংনী উপজেলার ব্রজপুর গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা হলেন, আব্দুল জলিল (৬৫) স্ত্রী পারুলা খাতুন (৫৭) ও ছেলে পারভেজ হোসেন (৩০)। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। আহত পারভেজ জানান, দাদা ও দাদীর কবর আমাদের জমির মধ্যে আছে। আমার চাচা দাদা দাদীর কবরটি নিজেদের দখলে নিতে চাই। আমরা দাদা ও দাদীর কবরটি আমাদের ভাগে রেখে তাদের অন্য জমি দিতে চাইলে তারাও কবর তাদের মধ্যে রাখতে চাই। এনিয়ে চাচা আহারুলের সাথে আমার বাবা আব্দুল জলিলের বাকবিতন্ডার এক পর্যায়ে আমার চাচা আহারুল ও তার ছেলে রিপন হোসেন আমার উপর হামলা চালায়। তারা ইট ও কোদাল দিয়ে আমাদের তিনজনকে মারধর করে চলে যায়। এঘটনায় মামলা

২-এর পাতায় দেখুন



## গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে মাইশা (৬) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। রোববার বেলা তিনটার দিকে উপজেলার মোহাম্মদপুর গ্রামে এ ঘটনা ঘটে। শিশু মাইশা উপজেলার আকুবপুর গ্রামের বকুল হোসেনের মেয়ে ও স্থানীয় একটি ব্রাক স্কুলের প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেনীর ছাত্রী। মাইশার খালু

২-এর পাতায় দেখুন

## কুমিল্লায় স্কুলছাত্র হত্যায় ৫ জনের মৃত্যুদণ্ডাদেশ

**নিজস্ব প্রতিবেদক :** কুমিল্লার হোমনায় স্কুলছাত্র আশিকুর রহমান আশিক হত্যার দায়ে পাঁচজনের মৃত্যুদণ্ডাদেশ দিয়েছে আদালত। এ ছাড়া দুজনকে কারাদণ্ড এবং এক আসামিকে খালাস দেয়া হয়। গতকাল রোববার দুপুরে কুমিল্লার অতিরিক্ত জেলা ও দায়রা জজ ৫ম আদালতের বিচারক জাহাঙ্গীর হোসেন এ রায় দেন।

মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্তরা হলেন হোমনার ২৫ বছর বয়সী মো. সুজন মিয়া, ৩০ বছর বয়সী আল আমিন, ২৫ বছর বয়সী সোহেল মিয়া, ২৭ বছর বয়সী মো. শাহিন মিয়া ও ২৮ বছর বয়সী মো. সোহাগ মিয়া। সেই সঙ্গে তাদের ৩০ হাজার টাকা জরিমানা

২-এর পাতায় দেখুন

## বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে কুইজ প্রতিযোগিতা




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা উপলক্ষে মেহেরপুর জেলা পর্যায়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মেহেরপুর জেলা পর্যায়ে কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান প্রমূখ উপস্থিত ছিলেন। ৩ উপজেলার বিজয়ীরা মেহেরপুর জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে।

## মেহেরপুরে আদম দালালের খপ্পরে পড়ে নিঃস্ব হচ্ছে পরিবার

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরে ভুয়া আদম দালালের খপ্পরে পরে নি:শ্ব হয়ে পড়েছে অর্ধশত পরিবার। কেউ জাল ভিসায় বিদেশে যেয়ে কাজ না পেয়ে দিনেরপর দিন নির্যাতনের শিকার হয়ে দেশ ফিরে শর্বশান্ত হয়েছে আবার কেউ বিদেশে না যেয়ে জমি জায়গা বেঁচে দালালকে টাকা দিয়ে দিনের পর দিন ঘুরে নি:শ্ব হয়েছেন।


অনুসন্ধানে দেখা গেছে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের নওদা পাড়ার মিলন হোসেন, একই উপজেলার তারানগর গ্রামের বদর উদ্দিন, সদর উপজেলার বেলেগাড়ি গ্রামের রাজু, জিন্নাত, সজিব, হান্নান, শরিফুলসহ পাশ্ববর্তি আরও কয়েকটি গ্রামের অন্তত্য ৫০ জন যুবক ভুয়া আদম দালালের খপ্পরে পড়ে নিঃস্ব হয়েছে। মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের সৌদি ফেরত রাসেল বলেন, সদর উপজেলা বারাদি গ্রামের আদম দালাল বিল্লাস হোসেনের মাধ্যমে সৌদি আরব যায়। যেখানে ছিলাম সে জায়গা বাংলাদেশের জেল খানার চেয়ে ভালো। প্রতিদিন বিভিন্ন ভাবে নির্যাতন চলতো। যে কোম্পানীতে কাজ দেবে বলে নিয়ে গেছিল, সে কোম্পানীর কেউই আমাদের রিসিভ করেনি। তিন মাস পর পাকিস্তানি এক দালালের কাছে আমাদের বিক্রি করে দেই। পরে সেখানে বেতন দিত না, খেতে দিত এক বেলা। একটি গোডাউন ঘওে একসাথে ৪০০ জন ছিলাম। সেখানেই রোকন নামের একজন কষ্ট সহ্য করতে

২-এর পাতায় দেখুন


## বছরে তৈরি হচ্ছে ৮ লাখ টন প্লাস্টিক বর্জ্য



**স্টাফ রিপোর্টার :** করোনাভাইরাস মহামারী শুরুর পর পরিচ্ছন্নতা সামগ্রীর কারণে প্লাস্টিক বর্জ্যের পরিমাণ বেড়ে গেছে বলে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে। মন্ত্রণালয়ের তথ্য বলছে, দেশে বছরে এখন ৮ লাখ ২১ হাজার ২৫০ টন প্লাস্টিক বর্জ্য উৎপন্ন হয়। এর ৪০ শতাংশ, অর্থাৎ ২ লাখ ২৮ হাজার টনের মত রিসাইকেল বা পুনঃব্যবহার হয়। বাকি বর্জ্য পরিবেশে পড়ে থাকে। সারাদেশের যে বর্জ্য উৎপন্ন হয়, তার ৩০ শতাংশের বেশি হয় রাজধানী ঢাকায়। দেশের প্রধান শহরটিতে বছরে প্রায় আড়াই লাখ টন, অর্থাৎ দিনে ৬৮১ টনের মত বর্জ্য উৎপন্ন হয়। সারা দেশে এর পরিমাণ ২ হাজার ২৫০ টন। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী সারা দেশের মানুষ বছরে মাথাপিছু ৯ কেজি বর্জ্য উৎপন্ন করলেও রাজধানীতে এটি দ্বিগুণ বা ১৮ কেজি। বিশ্ব পরিবেশ দিবসের কর্মসূচি জানাতে এসে গতকাল রোবব-ার সচিবালয়ে সংবাদ সম্মেলন করে এসব তথ্য জানান পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব ফারহিনা আহমেদ। তিনি জানান, সরকার এমন একটি বিধান করতে যাচ্ছে, যাতে যারা বর্জ্য উৎপাদন করবে তারাই উৎস থেকে সেটি ফেরত নেওয়ার ব্যবস্থা করবে। সচিব বলেন, দেশে উৎপাদিত প্লাস্টিক বর্জ্যের ৬০ শতাংশ রাস্তাঘাট ও নদীতে যাচ্ছে।




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### প্রচণ্ড গরমে বেড়েছে রোগ ব্যাধি

## থাকতে হবে সতর্ক

চারদিকে অসুস্থ হচ্ছে মানুষ। খুব ছোট শিশু থেকে শুরু করে বৃদ্ধ, বাইরে দীর্ঘ সময় কাজ করেন-এমন ব্যক্তি বা স্থূলকায় ব্যক্তি, মানসিক রোগী এবং হৃদ্‌রোগ, ডায়াবেটিস ও কিডনি রোগে আক্রান্ত মানুষেরা বেশি ঝুঁকির মধ্যে আছেন। প্রচণ্ড গরমে ডায়রিয়া, ভাইরাস জ্বর ও শ্বাসকষ্টজনিত রোগে আক্রান্ত হচ্ছে। বিভিন্ন হাসপাতালের পাশাপাশি চিকিৎসকদের ব্যক্তিগত চেম্বারে এ ধরনের রোগী বেড়েছে এবং এক সপ্তাহ ধরে এই প্রবণতা দেখা যাচ্ছে। অন্তর্বিভাগের পাশাপাশি বহির্বিভাগে এ ধরনের রোগী আসছে। গরমের কারণে শিশুদের শ্বাসকষ্ট কিংবা নিউমোনিয়ার প্রকোপ বেড়েছে। ভাইরাস জ্বরও হচ্ছে। এ ছাড়া ডায়রিয়ায়ও আক্রান্ত হচ্ছে শিশুরাও। তাই চিকিৎসকরা বলছেন, গরমের সময় বিশেষ কয়েকটি রোগের প্রাদুর্ভাব বাড়তে দেখা যাচ্ছে। কিন্তু কিছুটা সতর্ক হলেই এসব রোগ থেকে নিজেকে নিরাপদ রাখা সম্ভব। এসব ক্ষেত্রে দেরি না করে হাসপাতাল কিংবা চিকিৎসকের শরণাপন্ন হওয়ার পরামর্শ দিয়েছেন, পাশাপাশি শিশু ও বৃদ্ধদের সতর্ক থাকার পরামর্শ দিচ্ছে চিকিৎসকরা। গরম প্রতিরোধে পর্যাপ্ত এবং প্রয়োজনে প্রচুর জীবাণুমুক্ত পানি পান করতে হবে। হালকা ও সুতি জামা পরিধান করা। এ ছাড়া গরমের অন্যান্য রোগ প্রতিরোধের জন্য ফুটানো এবং বিশুদ্ধ পানি পান করা। ফুটপাতের খোলা জায়গার খাবার থেকে বিরত থাকা। ধুলাবালিতে মাস্ক ব্যবহার করা। সর্দি বা কাশির শুরুতেই ডাক্তারের কাছ থেকে চিকিৎসা গ্রহণ করা। জ্বরের মাত্রা যদি বেশি হয় বা বমিসহ পেট ব্যথা হলে দ্রুত ডাক্তারের পরামর্শ নেওয়া। ডায়রিয়া আক্রান্ত হলে পর্যাপ্ত স্যালাইন পান করা এবং তিনদিনে জ্বর না কমলে ডাক্তারের শরণাপন্ন হতে হবে। আকাশে মেঘ নেই, পাশাপাশি বাতাসে আর্দ্রতা কমে গেছে। এতে কমছে না গরমের তীব্রতা। তীব্র গরমে সারাদেশের জনজীবন অতিষ্ঠ। প্রয়োজনে যারা বাইরে বের হচ্ছেন, তারা পড়ছেন অস্বস্তিতে। মানুষ প্রকৃতির ওপর নানাভাবে খবরদারি করছে। খাল-বিল, নদী-নালা দখল করা হচ্ছে। পাহাড় কাটা চলছে নির্বিচারে। কৃষিজমির ওপর নির্মিত হচ্ছে ঘরবাড়ি। এভাবে নানাভাবেই চলছে প্রকৃতির ওপর অত্যাচার। যে কারণে প্রকৃতি বৈরী হয়ে উঠছে। তাই এ পরিস্থিতি থেকে বাচতে হলে আমাদের অবস্যই এসকল বিধি নিশেধ গুলো মেনে চলবো এবং শিশুদের ক্ষেত্রে সুতি ও হালকা কাপড়ের পোশাকের পাশাপাশি খোলামেলা পরিবেমে রাখার চেষ্টা করবো এবং আবহাওয়ার এই চরমভাবাপন্ন পরিস্থিতি থেকে রক্ষা পেতে আমাদের পর্যাপ্ত গাছ লাগানো দরকার। কেননা পরিকল্পিত নগরায়ণের বিকল্প নেই।

## কোটচাঁদপুরে মুজিববর্ষের গৃহনির্মাণ

নির্মাণধীন ঘর পরিদর্শনকালে তিনি উপকারভোগী পরিবারবর্গের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী অফিসার উছেন মে, মহেশপুর উপজেলা নির্বাহী অফিসার নয়ন কুমার রাজবংশি, কোটচাঁদপুর উপজেলা সহকারী কমিশনার(ভূমি) নিরুপমা রায়, প্রকল্প বাস্তবায়ন অফিসের সহকারী প্রকৌশলী ওয়ালি উল্লা, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান ও তরুন সমাজ সেবক সেলিম রেজা। এ সময় জেলা প্রশাসক সাফদারপুর ইউনিয়নে দায়িত্বরত গ্রাম পুলিশদেরকে বাল্যবিবাহ, অবৈধভাবে মাটি কাটা/ বালু উত্তোলন, মাদক অপরাধসহ সমাজে বিশৃঙ্খলা সৃষ্টিকারী যে কোনও অপরাধের বিষয়ে সচেতন থাকার ব্যাপারে কঠোর নির্দেশনা দেন। এসকল ব্যাপারে জিরো টলারেন্স নীতি অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন তিনি। সে সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক,গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যসহ এলাকা গন্য মান্য ব্যক্তি বর্গ উপস্থিত ছিলেন।

## হাসপাতাল চত্বর থেকে অজ্ঞাত

মরদেহ উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। ময়না তদন্তের জন্য মরদেহটি সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। নিহত ব্যক্তির পরিচয় শনাক্তে কাজ করছে পুলিশ। ওসি জানান, অজ্ঞাত ব্যক্তির মৃত্যুর কারণ জানা যায়নি। তবে ময়নাতদন্তের মৃত্যুর কারণ জানা যাবে।

## কালীগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ

জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহান, সহকারী ভূমি অফিসার হাবিবুল্লাহ হাবিব, কালীগঞ্জ থানার ওসি আব্দুর রহিম মোল্লা, ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী ও শাহানাজ পারভীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা পরিদর্শক আব্দুল আলিম, কালীগঞ্জ ক্রিড়া ফেডারেশনের সহ-সভাপতি অজিৎ ভট্টাচার্য্য, কালীগঞ্জ প্রেসক্লাবে সভাপতি ও সমকাল প্রতিনিধ জামির হোসেন, সুন্দরপুর দূর্গাপুর ইউনিয়নের চেয়ারম্যান ওহিদুজ্জামান ওদু, রাখালগাছি ইউনিয়নের চেয়ারম্যান মহিদুল ইসলাম মন্টু, শিমলা রোকনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাসির উদ্দীন চৌধরী, ত্রিলোচনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম ঋতু, জামাল ইউনিয়ন পরিষদের সচিব জাকির হোসেনসহ উপজেলা প্রশাসনের কর্মকর্তারা।

উদ্বোধনী খেলায় ১নং সুন্দরপুর ইউনিয়ন ফুটবল একাদশ ও জামাল ইউনিয়ন ফুটবল একাদশ অংশগ্রহন করে। উদ্বোধনী খেলায় ১-১ গোলে ড্র হওয়ায় ট্রাইবেকারে গড়াই। ট্রাইবেকারে সুন্দরপুর ইউনিয়ন একাদশ ৮-৭ গোলের ব্যবধানে জামাল ইউনিয়ন ফুটবল একাদশকে পরাজিত করে দ্বিতীয় রাউন্ডে উত্তীর্ন হয়। একই দিন দ্বিতীয় খেলায় কোলা ইউনিয়ন ফুটবল একাদশ ২-০ গোলে শিমলা রোকনপুর ইউনিয়ন ফুটবল একাদশকে পরাজিত করে। দিনের অপর খেলায় ত্রিলোচনপুর ইউনিয়ন ফুটবল একাদশ ৩-১ গোলের ব্যবধানে মালিয়াট ইউনিয়নকে পারজিত করে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করে।

## চুয়াডাঙ্গায় জন্ম ও মৃত্যু নিবন্ধন

চেয়ারম্যান, ইউপি সচিব ও দফাদারদের নিয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের স্থানীয় সরকারের পরিচালক মোঃ হুসাইন শওকত। সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান। মতবিনিময় শেষে মে-২০২৩ মাসের জন্ম ও মৃত্যু নিবন্ধনে প্রথম ও দ্বিতীয় স্থান অর্জনকারীদের হাতে সম্মাননা পদক এবং শুভেচ্ছা উপহার তুলে দেয়া হয়।

## ঝিনাইদহে আবাসিক এলাকায়

অপসারনের দাবী জানান। সরেজমিনে অনুসন্ধানে দেখা গেছে, চারকোল কারখানার মালিকের নাম নাজমুল তার স্থানীয় ঠিকানা নোয়াখালী। ঝিনাইদহ সদর উপজেলার মধুপুর কালা লক্ষীপুর গ্রামে তাজী এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামের আড়ালে গড়ে তোলা হয়েছে এই চারকোল কারখানা। এই কারখানায় পাটখড়ির ছাই থেকে তৈরি করা কার্বন চীনে রফতানি করা হয়। যা চীনে মোবাইলের ব্যাটারি,প্রসাধনী, দাঁত পরিষ্কারের ওষুধ, কার্বন পেপার, ফটোকপির কালি, আতশবাজি, ফেসওয়াশ ও প্রসাধন তৈরির কাঁচামাল হিসেবে ব্যবহার করা হয়। আবাসিক এলাকায় শিল্প ও কল-কারখানা স্থাপন সম্পূর্ণ নিষিদ্ধ থাকলেও চারকোল কারখানার মালিকেরা বিভিন্ন মহলকে ম্যানেজ করে বছরের পর বছর কারখানা পরিচালনা করে যাচ্ছেন।

অনুসন্ধানে জানা গেছে, এজেন্টের মাধ্যমে বিভিন্ন এলাকা থেকে কিনে আনা হয় পাটখড়ি। এরপর সেগুলো বিশেষ চুল্লিতে লোড করে আগুন জ্বালানো হয়। ১০-১২ ঘন্টা জ্বালানোর পর চুল্লির মুখ বন্ধ করে দেওয়া হয়, যাতে কোনোভাবে অক্সিজেন প্রবেশ করতে না পারে। এভাবে চার দিন রাখার পর সেখান থেকে বের করে ক্র্যাশিং করে কার্বন প্যাক করা হয়। চুল্লি জ্বালানোর সময় কারখানা থেকে প্রচুর ধোয়া নির্গত হয়। এই ধোয়াতেই মারাত্মকভাবে পরিবেশ দূষিত হয়।

কালা লক্ষীপুর গ্রামের বাসিন্দা মোঃ হাবিব জানান, কার্বন তৈরির কারখানা থেকে নির্গত ধোঁয়ায় আশপাশের আকাশ কালো হয়ে যায়। ধোঁয়ার কারণে রাতে ঘরে থাকা যায় না। ঘরে থাকলেও চোখ জ্বলে।

একই গ্রামের ইসাহক আলী জানান, ধোঁয়ার সঙ্গে বিভিন্ন ক্ষতিকারক পদার্থ থাকে। এসব পদার্থ বাতাসের সঙ্গে মিশে গাছপালায় লাগে। এতে এলাকার গাছপালায় ফলন কমে গেছে। আমের মৌসুমেও গাছে মুকুলের দেখা পাওয়া যায় না। রাতে ঘরে শুয়ে থাকলে সকালে কাশির সঙ্গে ছাই বের হয়।

মো. হারুন জানান, এ কারখানার কারণে আশপাশের এলাকার ফসলি জমিরও উৎপাদন কমে গেছে। কৃষকরা জমিতে সার ও কীটনাশক ব্যবহার করেও ফলন বাড়তে পারছেন না। গ্রামবাসী দ্রুত এই কারখানাটি এখান থেকে অপসারণ করা হোক।

বিষয়টি নিয়ে কথা বলতে কালা লক্ষীপুর গ্রামে চারকোল কারখানায় গেলে কারখানার কর্মচারীরা জানান, ভেতরে সাংবাদিক প্রবেশ নিষেধ। তাছাড়া আমরা মালিকের অনুমতি ছাড়া দরজা খুলতে পারবো না।

কথা হয় কারখানার সহকারী সিইও জুবায়ের জানান, আমি ঢাকায় আছি আপনি আগামীকাল অফিস টাইমে আমাকে ফোন দিন। কিন্তু আপনার কারখানায় সাংবাদিক প্রবেশ করতে পারবেন না কেনো? এরকম প্রশ্নের উত্তরে তিনি বলেন আমাদের ম্যানেজমেন্ট থেকে বলা আছে সাংবাদিক প্রবেশ করতে হলে বিশেষ অনুমতির প্রয়োজন। আপনাদের ওখানে কি অবৈধ কোনো কার্যকালাপ করেন? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন আমাদের পরিবেশের ছাড়পত্রসহ সবই ওকে আছে আপনি আগামীকাল আমার সাথে যোগাযোগ করেন। এছাড়াও তিনি বলেন আমাদের যদি কারখানায় কোনো সমস্যা থাকে তবে পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা ও জেলা প্রশাসন এসে বন্ধ করে দিয়ে যাক।

ঝিনাইদহ সদর হাসপাতালের ডাঃ দেবাশীষ বিশ্বাস (মেডিসিন) জানান, বেশি পরিমাণ কার্বন নিঃসৃত হলে বাতাসের সঙ্গে কার্বন অণুগুলো মিশে এলাকায় ছড়িয়ে পড়ে। এতে শিশু ও গর্ভবতী মায়েদের ওপর বিরূপ প্রভাব পড়ে। এছাড়া শ্বাসকষ্ট, এ্যাজমা, হাঁপানিসহ ফুসফুসে দীর্ঘমেয়াদি রোগ এবং বিভিন্ন প্রকার চর্ম রোগের আশঙ্কা থাকে এবং এটা একসময় অবশ্যই হবে।

ঝিনাইদহের পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক শ্রীরুপ মজুমদারের সাথে কথা হলে তিনি জানান, ঝিনাইদহের কোনো চারকোল কারখানার অনুমতি নেই। তবে একটি কারখানা পরিবেশ অধিদপ্তরে অনুমতির জন্যে আবেদন করেছেন, কিন্তু তাদের আবেদন গ্রহণযোগ্য নহে, কারণ আবাসিক এলাকার মধ্যে এই ধরনের কারখানা স্থাপন করা সম্পূর্ণ নিষেধ। পরিবেশ অধিদফতরের ছাড়পত্র ছাড়া অবৈধভাবে গড়ে ওঠা এসব চারকোল কারখানার বিরুদ্ধে দ্রুতই অভিযান চালানো হবে।

ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাদিয়া জেরিন বলেন, আমার বিষয়টি জানা ছিলো না, আপনাদের মাধ্যমে আমি অবহিত হলাম, বিষয়টি তদন্ত সাপেক্ষে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে। পরিবেশের ছাড়পত্র বিহীন। এলাকার জনগণের দাবি জনস্বাস্থ্য ও কৃষি বাচাতে আবাসিক এলাকা থেকে এই পরিবেশের ছাড়পত্রহীন চারকোল কারখানাটি অপসারনের দাবী জানান।

## ঝিনাইদহে জমি নিয়ে বিরোধের

দায়ের করি। কুটিদুর্গাপুর গ্রামের আব্দুর রাজ্জাক, শামসুল আলম, রিফাত মন্ডল, টিপু মন্ডল, আকরাম মন্ডলকে বিবাদী করে অভিযোগ দিয়েছি। থানায় অভিযোগ দেওয়ার পর ক্ষিপ্ত হয়ে ওঠে বিবাদীরা। এরই জের ধরে গতকাল শোলমারি বাজারে শামীমের চায়ের দোকানে আকরাম মন্ডল আমার উপর ক্ষিপ্ত হয়। এক পর্যায়ে জুতা দিয়ে মারধর করে। স্থানীয় লোকজন ছুটে এলে পালিয়ে যায় আকরাম মন্ডল।

মুক্তিযোদ্ধা মসলেম উদ্দিন অভিযোগ করে বলেন আমার বড় ছেলে পুলিশে চাকুরী করত। আমার ছেলে মারা যাওয়ার পর আমার উপর নানা ভাবে নির্যাতন করছে আকরাম মন্ডল ও তার লোকজন। আমি এর সুষ্ঠু বিচার দাবী করছি।

মুক্তিযোদ্ধাকে লাঞ্ছিতের তীব্র নিন্দা জানিয়ে জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মকবুল হোসেন বলেন, জীবন বাজি রেখে যে মুক্তিযোদ্ধা যুদ্ধ করেছেন আজ তাকে প্রকাশ্যে জুতা দিয়ে মারধর করা হচ্ছে। এর চেয়ে ন্যাক্কারজনক ঘটনা আর ঘটতে পারে না। আমরা এ ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি। সেই সাথে হামলাকারী ও তার সাথে জড়িত সকলের গ্রেফতারের দাবী জানাচ্ছি।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, মুক্তিযোদ্ধাকে লাঞ্ছিতের সাথে যারা জড়িত অভিযোগ পেলে তাদের আইনের আওতায় আনা হবে।

## ঝিনাইদহে ক্লাস ফাঁকি দিয়ে

মনিটরিং করা হচ্ছে। সেই কর্মসূচীর আওতায় শহরের বিভিন্ন স্থান ও পার্কে অভিযান চালানো হয়। সেসময় বিভিন্ন স্কুল ও কলেজের ২৪ শিক্ষার্থীকে আটক করে থানায় আনা হয়। পরে অভিভাবকদের ডেকে তাদের জিম্মায় দেওয়া হয়।

এর আগে গত পহেলা জুন ঝিনাইদহের বিভিন্ন পার্কে আড্ডা দেওয়ায় প্রায় ৬০ জন শিক্ষার্থীকে আটক করে পুলিশ। পরে তাদের অভিভাবকদের কাছে হস্তান্তর করা হয়। এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে পুলিশ।

## গাংনী কৃষি অফিসে তথ্য

আমাদের সূর্যোদয় পত্রিকায় সম্পাদক ও প্রকাশক আবুল কাসেম অনুরাগী তথ্য অধিকার আইনে তথ্য চেয়ে আবেদন করেও অদ্যবধি মেলেনি এসব সঠিক তথ্য। এ বিষয়ে গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন বলেন, যে তথ্য দিয়েছি। সঠিক নিয়ম মেনে সঠিক তথ্য দেয়া হয়েছে। তথ্যে সংশ্লিষ্ট দপ্তরের কোন স্বাক্ষর বা সীলমোহর নেই কেন সাংবাদিকদের এমন প্রশ্নে তিনি কোন সদুত্তর না দিয়ে রাগান্বিত মনোভাব প্রকাশ করেন। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক শংকর কুমার মজুমদার বলেন, তথ্য কর্মকর্তাকে অবশ্যই সঠিক তথ্য প্রদান করতে হবে এবং তথ্যে স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে। তথ্য চাওয়া ও পাওয়ার অধিকার সকলের রয়েছে। যশোর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক আবু হোসেন বলেন, আমি ডিডি সাহেব কে বলছি বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে। এবিষয়ে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বলেন, আমি জেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তার সাথে কথা বলে এ ব্যাপারে সঠিক তথ্য প্রদানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ প্রদান করবো। তথ্য প্রদানে কোনরকম গড়মিল ও অনিয়ম সহ্য করা হবে না।

## ঝিনাইদহের কুমড়াবাড়ীয়ায় বিশ্ব

অনুষ্ঠানে প্রকল্পের দায়িত্বরত অন্য ইউনিয়নের এলএসপিরাও যোগদান করেন। তাছাড়া ইউনিয়নের সংরক্ষিত মহিলা আসনের সদস্য এবং এলাকায় বিভিন্ন পর্যায়ের গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলো। অনুষ্ঠান সার্বিক সহযোগিতা ও সঞ্চালনায় দায়িত্বে ছিলেন প্রকল্পের মাঠ সমন্বয়কারী মোহাঃ হামিদুর রহমান।

বক্তারা, দুধ পানের উপকারিতা নিয়ে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেন। দুধ পান না করার ক্ষতিকর দিক গুলো তুলে ধরেন। সবাইপল নিয়মিত দুধ বা দুগ্ধজাত পন্য খাওয়ার গুরুত্ব জেনে তা দৈনন্দিন খাবারের তালিকায় রাখার অঙ্গীকার করেন।

## স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ

করতে হবে। এ কর্মশালায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ লালমনিরহাটের কর্মকর্তা- কর্মচারীসহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

## গাংনীতে ছাদ চাপায় কলেজ

একটি ক্লিনিক ভর্তি করলে,তার শারীরিক অবস্থার অবনতি দেখা দেয়। সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিলে কর্তব্যরত ডাক্তার মৃত ঘোষণা করেন। পরিবার সূত্র জানিয়েছে মরদেহ রবিবার তার নিজ গ্রামে গেলে ওই দিনই জয়ের নামাজের জানাজা ও দাফন সম্পন্ন হয়েছে।

## ঝিনাইদহে বিলাসবহুল গাড়িসহ

সদর উপজেলার মধুহাটি ইউনিয়নের চান্দলী গ্রামের হোমিও ডাক্তার হায়দার আলীর ছেলে।

জানা গেছে, আটককৃত তাওহীদ গরুর খামারের পাশাপাশি অনলাইন জুয়া খেলতো। দিনের বেলায় পরিহিত শার্টে স্বর্ণের ইস্টিকার মেরে গাড়িটি নিয়ে বিভিন্ন যুবকদের সাথে চুক্তি ও ঘুরাফেরা করতো এবং রাত হলে চলে যেতো চুয়াডাঙ্গা জেলাতে। এভাবে অনলাইনে জুয়া খেলা করে কয়েক কোটি টাকা হাতিয়েছে ওই যুবক। সে কারণে উঠতি বয়সি যুবকেরা টাকা জোগাড় করতে গিয়ে পিতা-মাতাকেও লাঞ্ছিত করে আসছিল। অনেক যুবক আবার চুরি ছিনতাই কাজের সাথে জড়িয়ে পড়ছিল। এরপর বিষয়টি প্রশাসনের নজরে আসলে গোপন তদন্ত চালায় তারা।

এ ব্যাপারে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, আটককৃত জুয়াড়ির বিরুদ্ধে এখনও তদন্ত চলছে। তদন্ত শেষ হলে মামলা দিয়ে তাকে জেল হাজতে প্রেরণ করা হবে।

## দুদকের গণশুনানীতে অভিযোগ

আবেদন করেন। চাহিত আবেদনে উল্লেখ করা হয় তার প্রকৃত নাম সাকিবুল হাসিফ, জন্ম তারিখ ১৫/০১/২০০৪ এবং ডিজিটাল জন্মনিবন্ধন ২০০৪৪৪২১৬০৬১৩৮৯১১। সাকিব উজির আলী হাই স্কুল থেকে ২০১৯ সালে এসএসি পাশ করেছেন মর্মে নির্বাচন কমিশনে সনদ প্রদান করেন। ডিজিটাল জন্মনিবন্ধন সার্ভয়ারে এখনো সাকিবের দুইটি জন্মনিবন্ধন নাম্বার সক্রিয় রয়েছে বলে জেলা নির্বাচন অফিস থেকে দাবী করা হয়। দুইটি ডিজিটাল জন্মনিবন্ধন সক্রিয় থাকার বিষয়ে তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞরা জানিয়েছেন, ২০০০ সালের জন্ম নিবন্ধনে সন্তানের ক্রমিক নং দেখানো হয়েছে দুই। অন্যদিকে ২০০৪ সালের জন্ম নিবন্ধনে সন্তানের ক্রমিক দেখানো হয়েছে এক। অর্থাৎ প্রথমে সাবিক তার পিতামাতার দ্বিতীয় সন্তান ও দ্বিতীয়বার তিনি পিতামাতার প্রথম সন্তান দাবী করে ডিজিটাল জন্মনিবন্ধন নিয়েছেন। এই জালিয়াতির কারণে সার্ভায়ারে তার দুইটি ডিজিটাল জন্মনিবন্ধন এখনো সক্রিয় রয়েছে। জানা গেছে, হালনাগাদ ভোটার তালিকায় তথ্য গোপন করে নতুন ভেঅটার হওয়ার পর তিনি আবার সংশোধনের আবেদন করেন। ২০২৩ সালের ১১ মে ঝিনাইদহ জেলা নির্বাচন অফিসার আব্দুস ছালেক সাবিকের সংশোধনের আবেদনটি বাতিল করে দেন। আর এ ঘটনায় ক্ষুদ্ধ হয়ে সাবিক ঝিনাইদহে অনুষ্ঠিত দুর্নীতি দমন কমিশনের গণশুনানীতে জেলা নির্বাচন কর্মকর্তার বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন। দুদকের নির্দেশনা মোতাবেক সাকিব আহম্মেদ ওরফে সাকিবুল হাসিফের কাগজপত্র যাচাই বাছাই করতে গিয়ে প্রতারণা, মিথ্যাচার, তথ্য গোপন, বিশ্বাসভঙ্গ ও জালিয়াতির সত্যতা পন ঝিনাইদহ জেলা নির্বাচন অফিস। এ বিষয়ে জেলা নির্বাচন অফিসার আব্দুস ছালেক খবর নিশ্চত করে জানান, সাকিবের অভিযোগটি মিথ্যা প্রমানিত হওয়ায় জাতীয় পরিচয় পত্র নিবন্ধন আইনের আওতায় তিনি শাস্তিযোগ্য অপরাধ করেছেন। এ বিষয়ে জেলা প্রশাসকের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি আরো বলেন, “কোন নাগরিক জাতীয় পরিচয় প্রাপ্তির জন্য উদ্দেশ্যপ্রণোদিত বা জ্ঞাতসারে কোন মিথ্যা বা বিকৃত তথ্য প্রদান বা তথ্য গোপন করলে তিনি এই আইনের অধীন অপরাধ করেছেন বলে গণ্য হবেন। উক্ত অপরাধের জন্য দিনি এক বছরের কারাদন্ড বা অনধিক বিশ হাজার টাকা অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবেন”। এ বিষয়ে দুদকে অভিযোগকারী সাকিব আহম্মেদ ওরফে সাকিবুল হাসিফ জানান, তিনি দরিদ্র ঘরের সন্তান। তার মায়ের ঋন গ্রহনের সুবিধার জন্য এই মিথ্যা তথ্য দিয়েছেন। তিনি বলেন, তার জাতীয় পরিচয়পত্র সংশোধনীর খুব প্রয়োজন। কারণ এসএসসি থেকে অনার্স পর্যন্ত তার সমস্ত কাগজপত্র সংশোধন করা সম্ভব নয়। তার দুইটি ডিজিটাল জন্মনিবন্ধন সক্রিয় থাকার কারণে পরিচয়পত্র সংশোধন হয়নি বলে দাবী করেন।

## গাংনীতে পুলিশ কনস্টেবলের

পুলিশ ক্যাম্পের ইনচার্জ সুফল জানান, রবিবার সকাল ৬টা থেকে ৮টা পর্যন্ত সেন্ট্রি ডিউটি ছিল শাহেদের। ডিউটি শেষে পরের সেন্ট্রিকে ডিউটি না বুঝিয়ে দিয়ে সে বিছানায় শুয়ে পড়ে। রুমের সহকমরীরা তার নাক মুখ দিয়ে বিজলী ও ফেনা দেখতে পেয়ে তড়ি ঘড়ি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক জামিরুল ইসলাম তাকে মৃত ঘোষণা করেন। সংবাদ পেয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম শাহেদের মরদেহ দেখতে স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন ও মৃত্যু রহস্য উম্মোচনের জন্য মরদেহ ময়না তদন্তের জন্য মর্গে পাঠায়। পুলিশ সুপার রাফিউল আলম জানান, কনস্টেবল শাহেদের মৃত্যুটা স্বাভাবিক না অস্বাভাবিক সেটা নিশ্চিত হবার জন্য মরদেহ ময়না তদন্ত করা হচ্ছে। ময়না তদন্তের প্রতিবেদন পাওয়া গেলেই বোঝা যাবে তার মৃত্যুর কারণ।

## গাংনীতে বাবার কবর নিয়ে দুই

করা হবে বলে জানান তিনি। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সরের জরুরী বিভাগে কর্মরত চিকিৎক ফারুক হোসেন জানান, আহত আব্দুল জলিলের মাথায় সেলাই হয়েছে এবং বাকীদের শরীরে ফোলা জখম হয়েছে। তাদের ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

## মেহেরপুরে আদম দালালের

না পেরে গলাই ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। তারপর থেকে দুপুর ২টাই ও বিকাল ৫ টাই আমাদের বের হতে দিত। তখন রোজার মাস ছিল, আমরা রাস্তার পাশে মিসকিনদের জন্য রাখা খাবার খেতাম ও ক্যাম্পে নিয়ে আসতাম। রোজার পর আবারও সেই না খেয়ে থাকা। ৭ মাস পর বাংলাদেশি সৌদি প্রবাসি শামীম নামের এক দালালের মাধ্যমে আরও ৩ লাখ টাকা দিয়ে বাড়ি ফিরে আসি। এখন আমি সবশান্ত। দেশে ফিরে একাধিকবার বিল্লাল হোসেনের সাথে যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের কাজল বিশ্বাস বলেন একই উপজেলার দারিয়াপুর গ্রামের আদম দালাল সাগর আলীর ও তার মা লালফাতন খাতুনের মাধ্যমে বছর খানেক আগে সৌদি পাড়ি জমায় কাজল। সৌদি পৌছানোর পর কাজলসহ আরও দুজন বুঝতে পারে জাল ভিসায় তারা সৌদি গিয়েছে। তিনমাস পার হলেও কোন কাজ মেলেনি তাদের। কাজল বলেন, পরে পুলিশের কাছে ধরা দিয়ে ১৪ দিন সৌদির জেল খেটে বাড়ি ফিরে আসতে হয়েছে। কাজল আরও বলেন, ৪ লাখ থেকে সাড়ে ৪ লাখ টাকার বিনিময়ে ভুয়া কোম্পানীতে শ্রমিক পাঠিয়ে অঢেল সম্পতির মালিক হয়েছে সাগর।

বিদেশে শ্রমিক পাঠানোর কথা স্বিকার করে সাগর বলেন, আমি ১৮ জনকে সৌদি পাঠিয়েছি। প্রথম দিকে কোম্পানীর একটু সমস্যা হয়েছিল। বিদেশে শ্রমিক পাঠানো কাজের কোন লাইসেন্স আছে কিনা জানতে চাইলে সাগর বলেন, আমার এক মামার মাধ্যমে বিদেশ পাঠাই। সদর উপজেলার বেলেগাড়ি গ্রামের জিন্নাত, সজিব আলী, আব্দুল হান্নান সহ বেশ কয়েকজন বলেন বুড়িপোতা গ্রামের জাহাঙ্গীর আলী নামের এক দালালের নিকট টাকা দিয়ে এখনো পিছু পিছু ঘুরছে।

এ ব্যাপারে আদম দালাল জাহাঙ্গীরের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, আমি সঠিক ভিসা দেওয়ার পরও না যাওয়ায় আদালতে কয়েকজনের নামে মামলা করেছি। তবে মামলার কোন কাগজ তিনি দেখাতে পারেননি। তিনি আরো বলেন তার বিদেশে লোক পাঠাবার আইনি কোন বৈধ অনুমোদন নেই। মেহেরপুর জেলা প্রশাসক আজিজুল ইসলাম বলেন, ভুয়া দালাল বা এজেন্সির মাধ্যমে বিদেশ না যাওয়ার জন্য সরকারের পক্ষ থেকে প্রতিনিয়ত প্রচার-প্রচারণা চালানো হয়। তারপরও কেউ যদি প্রবাসে গিয়ে প্রতারিত হয় সেক্ষেত্রে বাংলাদেশি এম্বাসিতে যোগাযোগ করলে তাকে সর্বচ্চো সহযোগিতা করা হবে। আবার কেউ যদি দেশে ফিরে আসে সে ক্ষেত্রে আইনের আশ্রয় নিতে পারে।

## কুমিল্লায় স্কুলছাত্র হত্যায়

করা হয়। এ ছাড়া আকিমুল হক মধু ও আবদুর রহমানের সাত বছরের কারাদণ্ড এবং ২০ হাজার টাকা জরিমানা করা হয়। খালাস পান মো. সোহেল।

সাজাপ্রাপ্ত সোহেল মিয়া, আকিমুল হক মধু, আবদুর রহমান এবং খালাস পাওয়া মো. সোহেল ছাড়া বাকি আসামিরা পলাতক রয়েছেন।

বাদী পক্ষের আইনজীবী রফিকুল ইসলাম বলেন, ‘প্রেম সংক্রান্ত বিরোধের জেরে ২০১২ সালে অষ্টম শ্রেণির ছাত্র আশিককে বাড়ি থেকে মোবাইল ফোনে ডেকে নিয়ে জবাই করে হত্যা করা হয়।’

আশিকের বাবা মো. হারুন ভূঁইয়া বলেন, ‘উচ্চ আদালতেও যেন এ রায় বহাল থাকে। রায় শিগগির কার্যকর চাই।’

কুমিল্লা আদালতের পরিদর্শক মুজিবুর রহমান জানান, আসামিদের কারাগারে পাঠানো হয়েছে। আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।

## গাংনীতে পানিতে ডুবে

সেন্টু রহমান জানান, শনিবার আমার বাড়িতে বেড়াতে আসেন। দুপুরে বাড়ির পাশে মাথাভাঙ্গা মরা নদীতে গোসল করতে যাই মাইশা। মাইশাকে ভাসতে দেখে স্থানীয়রা উদ্ধার করে বামন্দী মাহি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎক ডা. সরোয়ার তাকে মৃত ঘোষনা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, বিষয়টা শুনেছি।আপমৃত্যুর মামলার প্রক্রিয়া চলছে।

## দুই সপ্তাহের মধ্যে লোডশেডিং

লোডশেডিং হচ্ছে। অসহ্য গরমে অতিষ্ঠ জনজীবন। দিনে-রাতে সব সময়ই বিদ্যুৎ যাচ্ছে। বিদ্যুৎ সরবরাহে ঘাটতি থাকায় রাজধানী ঢাকা এবং ঢাকার বাইরে কিছু এলাকায় লোডশেডিংয়ে ভুগছেন মানুষ। গ্রামাঞ্চলে দিনে-রাতে ১০ থেকে ১৫ ঘণ্টারও বেশি লোডশেডিংয়ের খবর পাওয়া গেছে। অনেক গ্রামে রাতে বিদ্যুৎ আসেই না। এ অবস্থায় ফুঁসে উঠেছে গ্রামের মানুষ।

## মিথ্যাচার বিএনপির

সিংহাসন ফিরে পেতে মির্জা ফখরুল দিবাস্বপ্ন দেখা শুরু করেছেন। কিন্তু তাতে কোন লাভ হবে না। তারা বিদেশে গিয়ে আওয়ামী লীগ ও সরকারের বিরুদ্ধে শুধু নালিশ করেন। কিন্তু বিশ্বে ক্রমাগত সরকারের ভাবমূর্তি উন্নত হয়েছে।

ওবায়দুল কাদের আজ রোববার দুপুরে শহরের নওজোয়ান মাঠে আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক প্রয়াত আব্দুল জলিলের স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। নওগাঁ জেলা আওয়ামী লীগ এই স্মরণ সভার আয়োজন করে।

‘আওয়ামী লীগের নেতাদের পিছনে আজরাইল ঘুরে বেড়াচ্ছে’ সম্প্রতি বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের এমন বক্তব্যের জবাবে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, আপনারা জনগণের কোন সন্ধান পাননা, অথচ আজরাইলের খোঁজ পেলেন কিভাবে? মির্জা ফখরুল প্রতি রাতে শুয়ে শুয়ে স্বপ্ন দেখেন, দিবা স্বপ্নও দেখেন। তিনি স্বপন দেখেন ক্ষমতার, দেখেন ময়ূর সিংহাসনের।

তিনি বলেন, বিগত ডিসেম্বরে থেকে চলতি বছরের মে মাস পর্যন্ত গণআন্দোলন গড়ে তুলতে পারেননি। আগামী জুন থেকে নভেম্বর পর্যন্তও পারবেন না। দেখতে দেখতে চলে গেছে ১৪ বছর, আন্দোলন হবে কোন বছর। মরা গাঙ্গে কখনও জোয়ার আসেনা।

ওবায়দুল কাদের বলেন, বিএনপি’র ২৭ দফা ছিল ভুয়া, ৫৪ দল ছিল ভুয়া। এই ভুয়া দল বিএনপি’র সাথে কোন সাধারণ মানুষ নাই।

জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল মালেকের সভাপতিত্বে স্মরণসভায় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন, খাদ্যমন্ত্রী ও নওগাঁ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাধন চন্দ্র মজুমদার, আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা, সংসদ সদস্য শহীদুজ্জামান সরকার, ব্যারিষ্টার নিজাম উদ্দিন জলিল জন, ছলিম উদ্দিন তরফদার সেলিম ও আনোয়ার হোসেন হেলাল প্রমুখ বক্তব্য রাখেন।

সড়ক ও সেতুমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পর বিগত ৪৮ বছরে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার মত দেশের গরীব মানুষের আপনজন আর কেউ হতে পারেননি। এই ৪৮ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মত সৎ, পরিশ্রমী, দক্ষ নেতা আর পাওয়া যায়নি। তাঁর মত দেশ বিদেশ থেকে এতো সম্মান আর প্রশংসা বাংলাদেশের আর কোন প্রধানমন্ত্রী অর্জন করতে পারেননি। তিনি বিশ্বে বাঙালী জাতিকে চরমভাবে সম্মানিত ও মর্যাদাশীল করেছেন।

দ্রব্যমূল্যের উর্ধগতির কথা উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, কেবল আমাদের দেশে নয়, গোটা বিশ্বের একই চিত্র। বিশ্বে নানা প্রতিকুলতার কারনে, নানা ইস্যুতে সৃষ্ট পরিস্থিতির কারনে গোটা বিশ্বে মূল্য বৃদ্ধি ঘটেছে। যার মূল্য বাংলাদেশকেও দিতে হচ্ছে। তবে এ পরিস্থিতি বেশী দিন থাকবে না। সব ঠিক হয়ে যাবে।

## ভারত, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রের

অর্থবছরের প্রস্তাবিত বাজেটে জিডিপির অনুপাতে ঘাটতি ৫ দশমিক ২ শতাংশ আর ভারতের ক্ষেত্রে এ ঘাটতি ৫ দশমিক ৯ শতাংশ, যুক্তরাষ্ট্রে ৬ শতাংশ, যুক্তরাজ্যে ৫ দশমিক ৫ শতাংশ। অর্থাৎ ভারত, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রের বাজেট ঘাটতি বাংলাদেশের চেয়ে বেশি। শুধু তাই নয় পৃথিবীর একশ’রও বেশি দেশের বাজেটেই ঘাটতি থাকে।’

রোববার (৪ জুন) দুপুরে সচিবালয়ে সমসাময়?িক বিষয় নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালেই মন্ত্রী এসব কথা বলেন।

তিনি বলেন, ‘আর আমাদের ‘রাজনৈতিক সমালোচক’রা তো বাজেট না পড়েই বক্তব্য দিয়েছেন। আসলে এ বাজেট জনবান্ধব, গরিববান্ধব। কারণ বাজেটে সরকারের পক্ষ থেকে সরাসরি উপকারভোগী, ভাতাধারীর সংখ্যা এবং ভাতার পরিমান বাড়ানোর কথা বলা হয়েছে এবং সরাসরি ২ কোটি মানুষ সরকারের কাছ থেকে নানাভাবে অর্থসহ বিভিন্ন সহায়তা পাবে। যারা পাবে তারা সবাই দরিদ্র। তাহলে কি এটি গরিববান্ধব বাজেট নয়!’

সাংবাদিকরা এ সময় প্রধানমন্ত্রীর বক্তব্য, আমেরিকা না গেলে কিছু আসে যায় না, পৃথিবীতে অনেক মহাদেশ আছে ড়এ বিষয়ে জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, ‘নতুন মার্কিন ভিসা নীতি ঘোষণার পর যারা যুক্তরাষ্ট্রের ভিসা নিয়ে টেনশনে আছে, তাদের টেনশন কমানোর জন্য প্রধানমন্ত্রী এ কথা বলেছেন। আমাদের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্ক অত্যন্ত চমৎকার। আমরা সেই সম্পর্ক আরো ঘনিষ্ঠ করতে চাই এবং সে কারণে আপনারা দেখেছেন যে, সরকার পররাষ্ট্র এবং আরও অন্যান্য বিষয়ে অনেক ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করেছে। একই সাথে অন্যান্য দেশ-মহাদেশ যেমন, দক্ষিণ আমেরিকা, মধ্যপ্রাচ্য, দূরপ্রাচ্যের আসিয়ানভুক্ত দেশগুলোতে এবং ওশানিয়া অঞ্চলে বাণিজ্যের প্রচুর সম্ভাবনাময় এলাকায় আমরা বাণিজ্য বাড়াতে চাই। প্রধানমন্ত্রী সে কথাই বলেছেন।’

সরকার বাধ্যতামূলক কর আরোপ করছে কি না, এ প্রশ্নের জবাবে ড. হাছান মাহমুদ বলেন, ‘বাধ্যতামূলক কর দিতে হবে এটা সঠিক নয়। যাদের টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার) সার্টিফিকেট আছে কিন্তু ট্যাক্স ফাইল করে না, তাদের ২ হাজার টাকা ফি দিয়ে ট্যাক্স ফাইল করার কথা বলা হয়েছে।’

‘আজরাইল উনাদের পেছনেও আছে, সাথে শয়তানও’

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বক্তব্য ‘সরকারের পেছনে আজরাইল দাঁড়িয়ে আছে’ ড়এর জবাবে সম্প্রচারমন্ত্রী হাছান মাহমুদ বলেন, ‘আজরাইল উনাদের পেছনেও আছে, আজরাইলের সাথে শয়তানও আছে। ফখরুল সাহেব যে বিষয়কে ইঙ্গিত করে বলেছেন, সেটি যদি আজরাইল হয় তাহলে সেই আজরাইল উনাদের অনেক বেশি কাছাকাছি, কারণ যার সাথে শয়তান থাকে, আজরাইল তার কাছে আগে পৌঁছায়। মির্জা ফখরুল সাহেবকে এ জন্য বলবো, এ ধরণের বক্তব্য রেখে আত্মতুষ্টির চেষ্টা করে কোনো লাভ হবে না। আপনাদের তত্ত্বাবধায়ক সরকারের দাবি মাঠে মারা গেছে এবং সারা দুনিয়ার কোনো জায়গা থেকে সমর্থন পায় নাই। সুতরাং আগামী নির্বাচনে অংশগ্রহণের জন্য প্রস্তুতি গ্রহণ করুন।’

**‘তালিকা আমরাও করছি’**

বিএনপি তাদের নেতাকর্মীদের বিরুদ্ধে মামলাকারী ও সংশ্লিষ্ট পুলিশের তালিকা করছে এ বিষয়ে সাংবাদিকদের প্রশ্নে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ বলেন, ‘আমরাও তালিকা করছি। যারা আগুন সন্ত্রাস চালিয়েছে, সাম্প্রতিক সময়ে পুলিশের ওপর হামলা পরিচালনা করেছে, গাড়িঘোড়া ভাংচুর করেছে, অগ্নিসংযোগ করেছে, ভোটে বাধা দিয়েছে, তাদের এবং তাদের হুকুমদাতা, অর্থদাতাদেরও তালিকা আমরা করছি। বিভিন্ন ভিডিও ফুটেজ আমাদের কাছে আছে, সেগুলো এক জায়গায় করছি। আমাদের কাছ থেকে অনেকে তালিকা চেয়েছে। খুব সহসা যে সমস্ত জায়গায় দেওয়া প্রয়োজন, পৌঁছানো প্রয়োজন সে সবখানে আমরা তালিকা দেবো।’

## গুলশানে আওয়ামী লীগের প্রার্থী

করেছে। আওয়ামী লীগের সূত্রগুলো বলছে, মোহাম্মদ এ. আরাফাত বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য। সাম্প্রতিক সময়ে নানা কারণে মোহাম্মদ এ. আরাফাত আওয়ামী লীগে লাইম লাইটে এসেছেন। তিনি এখন অন্যতম গুরুত্বপূর্ণ নেতা হিসেবে আবির্ভূত হয়েছেন। তিনি মার্কিন ইস্যুতে সরকারের গুরুত্বপূর্ণ বিষয়ে কথা বলছেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা নীতি নিয়েও তিনি আওয়ামী লীগের কর্ম-কৌশলের অন্যতম নীতি নির্ধারক হিসেবে নিজেকে প্রমাণ করেছেন। এমন বাস্তবতায় মোহাম্মদ এ. আরাফাত এর উপর আস্থা রাখছে আওয়ামী লীগ। উল্লেখ্য যে, প্রয়াত বীর মুক্তিযোদ্ধা আকবর হোসেন পাঠানের (চিত্রনায়ক ফারুক) আসনে আগামী ১৭ জুলাই উপনির্বাচনে ভোট গ্রহণের তারিখ ঘোষণা করেছে নির্বাচন কমিশন। গত বৃহস্পতিবার ইসি সচিব মো. জাহাংগীর আলম উপনির্বাচনের তফসিল ঘোষণা করেন। তফসিল ঘোষণা অনুযায়ী নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ১৫ জুন, মনোনয়নপত্র বাছাই ১৮ জুন, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ২৫ জুন এবং ভোট ১৭ জুলাই।

উল্লেখ্য, রাজধানীর গুলশান, বনানী, ক্যান্টনমেন্ট ও ভাষানটেক থানার ১৫, ১৮, ১৯, ২০ ও ৯৫ নম্বর ওয়ার্ড এবং ক্যান্টনমেন্ট ইউনিয়ন নিয়ে গঠিত ঢাকা-১৭ আসন।

## চিলাহাটি এক্সপ্রেসের উদ্বোধন

ও ভারতের মধ্যে রেল যোগাযোগ পুনরায় চালু করায় চিলাহাটি রেলওয়ে স্টেশন নীলফামারী জেলার একটি গুরুত্বপূর্ণ সংযোগস্থল হয়ে উঠেছে। পণ্য বোঝাই ওয়াগনের পাশাপাশি এই রুটে আন্তঃদেশীয় মিতালী এক্সপ্রেস চলাচল করছে।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এম তোফাজ্জেল হোসেন মিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রেলওয়ে সচিব ড. মোঃ হুমায়ুন কবির। অনুষ্ঠানে রেলমন্ত্রী মোঃ নুরুল ইসলাম সুজন, এমপি বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বাংলাদেশ রেলওয়ের (বিআর) ওপর একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

২০০৯ সাল থেকে ক্ষমতায় আসার পর থেকে আওয়ামী লীগ সরকার গত ১৪ বছরে মোট ৭৪০ কিলোমিটার নতুন রেলপথ স্থাপন করেছে, ২৮০ কিলোমিটার রেলপথকে ডুয়েলগেজে রূপান্তর করেছে এবং ১৩০৮ কিলোমিটার রেলপথ পুনর্বাসন করেছে।

এই সময়কালে, বাংলাদেশ রেলওয়ের জন্য মোট ১১৪টি লোকোমোটিভ সংগ্রহ করা হয়েছে এবং নতুন ৬২৩টি যাত্রীবাহী বগি এবং ৫১৬টি পণ্যবাহী ওয়াগন সংগ্রহ করা হয়েছে।

এছাড়াও, ১৩০টি রেলস্টেশনের সিগন্যালিং সিস্টেম আধুনিকীকরণ করা হয়েছে।

বর্তমানে যাত্রীদের চলাচলের জন্য ১৪২টি নতুন ট্রেন চলাচল করছে।

## জিএম কাদেরকে ডেকে নির্বাচনের

মওলা বলেন, ‘নির্বাচন প্রসঙ্গে তো আলোচনা হয়েছে। তিনি (পিটার হাস) জানতে চেয়েছেন আমরা (জাতীয় পার্টি) এককভাবে নির্বাচন করব নাকি জোটবদ্ধভাবে করব। আমরা আমাদের বিষয়টি তাকে জানিয়েছি।’

## তীব্র দাবদাহে সব সরকারি

টুর্নামেন্টের সব খেলা স্থগিত করা হয়েছে।দেশের চার জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। সেই সঙ্গে ছয় বিভাগ ও তিন জেলার ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর।

আবহাওয়া অফিস জানিয়েছে, রাজশাহী, নওগাঁ, নীলফামারী ও দিনাজপুর জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগসহ রংপুর ও রাজশাহী বিভাগের অবশিষ্টাংশ এবং মৌলভীবাজার, চাঁদপুর ও নোয়াখালী জেলাসমূহের ওপর দিয়ে মৃদু থেকে মাজারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। আগামী ২৪ ঘণ্টায় সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

## প্রধানমন্ত্রী চাইলে নির্বাচনকালীন

বিশেষ অতিথির বক্তৃতায় দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ বলেন, প্রশিক্ষণ ব্যক্তিকে শানিত করে। প্রশিক্ষণ অনেক বিষয়ের মধ্যে সমন্বয় সাধন করে এবং ভুলে যাওয়া অনেক বেশি মনে করিয়ে দেয়। পৃথিবীর সব দেশেই দুর্নীতি আছে, তবে মাত্রায় পার্থক্য আছে। তিনি বলেন, আমাদের উদ্দেশ্য যেহেতু অভিন্ন সে কারণে প্রশিক্ষণ ভালো ভূমিকা রাখবে। আমাদের প্রলোভন থেকে মুক্ত থাকতে হবে। নিজের দায়িত্বের বাইরে গিয়েও পারিবারিক সামাজিক জীবনেও দুর্নীতির বিরুদ্ধে ভূমিকা রেখে যেতে হবে। দুর্নীতির মামলা প্রমাণ করে চার্জশিট দেওয়া অনেক কঠিন। তারপরেও আমাদের কাজ করে যেতে হবে একসাথে।

## ডেঙ্গুতে আরও ৩ জনের মৃত্যু

হয়েছেন আরও ৯৭ জন। এরমধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে ৮৭ এবং ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ১০ জন রয়েছেন।

এছাড়া ডেঙ্গু আক্রান্ত হয়ে বর্তমানে মোট ৩৮৭ জন রোগী হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। এরমধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে চিকিৎসা ভর্তি আছেন ৩৩৮ এবং ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে রোগী আছেন ৪৯ জন।

গত বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা গেছেন দেশের ইতিহাসের সর্বোচ্চ ২৮১ জন। বছরের শেষ মাস ডিসেম্বরে ডেঙ্গুতে ২৭ জনের মৃত্যু হয়।

## কোটচাঁদপুরে যুবকের আত্মহত্যা

মৃতদেহ দেখতে পান। এরপর আমরা জানতে পারি। পরে পুলিশে খবর দেয়া হয়। এরপর পুলিশ মৃত দেহ থানায় নিয়ে যান। ফরহাদ পরিবারের মেজো ছেলে। সে রং মিস্ত্রির কাজ করতেন। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক (এসআই) শাহ মোঃ আজিজ বলেন, মায়ের উপর অভিমান করে, বাড়ি পাশের আম গাছে গলায় ওড়না দিয়ে আত্মহত্যা করেছেন। মৃত দেহ উদ্ধার করা হয়েছে। ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে।

## বায়োগ্যাসে ঝুঁকছে গ্রাহকরা

বায়োগ্যাস প্লান্ট, বোয়ালখালীতে আড়াইশ, আনোয়ারায় দুই শতাধিক, চন্দনাইশে শতাধিক, হাটহাজারী উপজেলায় আড়াই শতাধিকসহ চট্টগ্রামের অন্যান্য উপজেলায় সব মিলিয়ে আড়াইহাজার বায়োগ্যাস প্লান্ট আছে। যাতে সব মিলিয়ে ১০-১২ হাজার পরিবার এলপিজি গ্যাসের বিকল্প হিসেবে এ বায়োগ্যাস ব্যবহার করছে। সূত্র জানায়, গরুর খামারের গোবর ও গোমূত্র প্রক্রিয়াকরণের মাধ্যমে বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হচ্ছে। তবে বায়োগ্যাস সরবরাহে প্রাথমিক খরচ অতিরিক্ত হওয়ায় অনেক খামারি প্লান্ট স্থাপন থেকে বিরত থাকছে। সাধারণত একটি খামার থেকে ২০টি সংযোগ দিতে হলে ওই খামারে ৫০-৬০টি গরু থাকতে হবে। সেক্ষেত্রে প্রকল্পটিতে প্রাথমিকভাবে খরচ পড়বে প্রায় ৪ লাখ টাকা। আর ৫০টি গ্যাসের লাইন দিতে খামারে গরু থাকতে হবে দেড় শতাধিক। খরচ পড়বে ১০-১১ লাখ টাকা। তবে ছোট পরিসরে ব্যক্তিগতভাবে চার-ছয়টি গরু থাকলে খরচ পড়বে সর্বোচ্চ ৪০ হাজার টাকা। খামারিরা বায়োগ্যাসে ব্যবহৃত বর্জ্য পরবর্তী সময়ে জৈব সার হিসেবে বিক্রি করে বাড়তি টাকা আয় করছে। কৃষিজমিতে ওসব জৈব সারের চাহিদাও প্রচুর। বর্তমানে চট্টগ্রাম অঞ্চলে বায়োগ্যাসের লাইন নিতে হলে কর্ণফুলী উপজেলার মইজ্জারটেক, শিকলবাহা এলাকায় গ্রাহককে ৬-৭ হাজার টাকা এবং অন্য উপজেলায় চাহিদা তুলনামূলক কম থাকায় ৩ থেকে সাড়ে ৩ হাজার টাকা বায়োগ্যাস প্লান্টের মালিককে দিতে হয়। তাছাড়া কর্ণফুলী উপজেলায় এক চুলার জন্য ১ হাজার ৪০০ টাকা ও দুই চুলার জন্য ২ হাজার টাকা দিতে হয়। অন্য উপজেলায় এক চুলা ১ হাজার ২০০ টাকা এবং দুই চুলার জন্য ১ হাজার ৮০০ টাকা বা তার কিছু কম টাকা দিতে হয়।

# আয়ারল্যান্ডকে পার্থক্য বুঝিয়ে দিল ইংল্যান্ড

**স্পোর্টস ডেস্ক :** ইনিংস ব্যবধানে জিতে ইংলিশ গ্রীষ্ম শুরু করার সম্ভাবনা জাগাল বেন স্টোকসের দল। কিন্তু দারুণ দুটি ইনিংসে তাদের সেই আশা পূরণ হতে দিলেন না অ্যান্ডি ম্যাকব্রাইন ও মার্ক অ্যাডায়ার। অভিষিক্ত জশ টংয়ের চমৎকার বোলিংয়ে অবশ্য বেশিদূর যেতে পারল না আয়ারল্যান্ড। ছোট লক্ষ্যে অনায়াস জয় তুলে নিল ইংল?্যান্ড। ব্রেন্ডন ম্যাককালামের কোচিং ও স্টোকসের নেতৃত্বে টেস্টে ভয়ডরহীন ক্রিকেটের পথে হেঁটে আরেকটি সাফল্য পেল ইংল্যান্ড। চার দিনের লর্ডস টেস্টে আইরিশদের তারা ১০ উইকেটে হারিয়ে দিল তৃতীয় দিনে। ম্যাককালাম ও স্টোকস দায়িত্ব নেওয়ার পর ১৩ টেস্টের ১১টিতেই জিতল ইংলিশরা। অস্ট্রেলিয়ার বিপক্ষে অ্যাশেজ সিরিজের আগে বেশ ভালো প্রস্তুতি হলো তাদের। প্রথম ইনিংসে ১৭২ রানে গুটিয়ে যায় আয়ারল্যান্ড। জবাবে ৪ উইকেটে ৫২৪ রানে ইনিংস ঘোষণা করে ৩৫২ রানের লিড নেয় ইংল্যান্ড। হ্যারি টেক্টর, ম্যাকব্রাইন ও অ্যাডায়ারের ফিফটিতে ৩৬২ রান করে প্রতিপক্ষকে কেবল ১১ রানের লক্ষ্য দিতে পারে আইরিশরা। ৪ বলেই ইংলিশদের জয়ের বন্দরে পৌঁছে দেন জ্যাক ক্রলি। দ্বিতীয় ইনিংসে ১ ছক্কা ও ৪টি চারে ৫১ রান করেন টেক্টর। আটে নেমে ম্যাকব্রাইন অপরাজিত থাকেন ১৪ চারে ৮৬ রান করে। ২ ছক্কা ও ১২ চারে ৮৮ রান আসে নয়ে নামা অ্যাডায়ারের ব্যাট থেকে। দুই পজিশনেই আয়ারল্যান্ডের যা সর্বোচ্চ। আইরিশদের বড় লিড নিতে দেননি টং। প্রথম ইনিংসে উইকেটশূন্য থাকা এই পেসার এবার নেন ৬৬ রানে ৫ উইকেট। অভিষেকে ইনিংসে পাঁচ উইকেট নেওয়া ৩৪তম ইংলিশ পেসার তিনি। ৩ উইকেটে ৯৭ রান নিয়ে শনিবার ব্যাটিংয়ে নেমে দিনের অষ্টম ওভারে লর্কান টাকারকে হারায় আয়ারল্যান্ড। ৭ চারে ৪৪ রান করে জ্যাক লিচের স্পিনে বোল্ড হন তিনি। ভাঙে টেক্টরের সঙ্গে তার ৬৩ রানের জুটি। ৩৩ রান নিয়ে খেলতে নামা টেক্টর ফিফটি ছুঁয়ে যেতে পারেননি বেশিদূর। টংয়ের অফ স্টাম্পের বাইরের বলে ধরা পড়েন পয়েন্টে। পরের ওভারেই জো রুটকে সুইপ করে শর্ট ফাইন লেগে ক্যাচ দেন কার্টিস ক্যাম্পার। ১৬২ রানে ৬ উইকেট হারানো আইরিশদের তখন চোখ রাঙাচ্ছিল ইনিংস ব?্যবধানে বড় হার। সেখান থেকে তারা ঘুরে দাঁড়ায় ম্যাকব্রাইন ও অ্যাডায়ারের রেকর্ড গড়া জুটিতে। চমৎকার ব্যাটিংয়ে দুজন মিলে দলকে নিয়ে যান তিনশ পেরিয়ে। উইকেটে নেমেই পাল্টা আক্রমণ শুরু করেন অ্যাডায়ার। আগ্রাসী ব্যাটিংয়ে দ্রুত তুলতে থাকেন রান। প্রথম টেস্ট ফিফটিতে পা রাখেন তিনি ৪৭ বলে। ম্যাকব্রাইনের পঞ্চাশ আসে ৭৭ বলে। সেঞ্চুরির সম্ভাবনা জাগানো অ্যাডায়ারকে কট বিহাইন্ড করে ১৬৩ রানের জুটি ভাঙেন ম্যাথু পটস। টেস্টে সপ্তম উইকেটে আয়ারল্যান্ডের এটি সর্বোচ্চ জুটি। ফিওন হ্যান্ডকে বিদায় করে পাঁচ উইকেট পূর্ণ করেন আগের দিন তিনটি নেওয়া টং। গ্রাহাম হিউমকে বোল্ড করে আয়ারল্যান্ডের ইনিংস গুটিয়ে দেন প্রথম ইনিংসে পাঁচ উইকেট নেওয়া অভিজ্ঞ পেসার স্টুয়ার্ট ব্রড। আগের দিন অ্যাঙ্কেলে চোট পাওয়া জেমস ম্যাককলাম নামেননি ব্যাটিংয়ে। রান তাড়ায় নেমে অ্যাডায়ারকে চার বলের মধ্যে তিন চার মেরে ম্যাচ শেষ করে দেন ক্রলি। আগামী ১৬ জুন থেকে এজবাস্টনে শুরু অস্ট্রেলিয়া-ইংল্যান্ডের অ্যাশেজ সিরিজের প্রথম টেস্ট।

সংক্ষিপ্ত স্কোর:
আয়ারল্যান্ড ১ম ইনিংস: ১৭২
ইংল্যান্ড ১ম ইনিংস: ৫২৪/৪ ডিক্লে.
আয়ারল্যান্ড ২য় ইনিংস: ৮৬.২ ওভারে ৩৬২ (আগের দিন ৯৭/৩) (টেক্টর ৫১, টাকার ৪৪, ক্যাম্পার ১৯, ম্যাকব্রাইন ৮৬*, অ্যাডায়ার ৮৮*, হ্যান্ড ৭, হিউম ১৪; ব্রড ১৪.২-২-৬২-১, পটস ২১-৩-৭৭-১, টং ২১-২-৬৬-৫, লিচ ২০-৪-৯০-১, রুট ১০-০-৫৯-১)
ইংল্যান্ড ২য় ইনিংস: (লক্ষ্য ১১) ০.৪ ওভারে ১২/০ (ক্রলি ১২*, ডাকেট ০*; অ্যাডায়ার ০.৪-০-১২-০)
ফল: ইংল্যান্ড ১০ উইকেটে জয়ী
ম্যান অব দা ম্যাচ: অলি পোপ

# শাহাদাত-মুশফিক টেস্ট দলে নতুন মুখ



**স্পোর্টস ডেস্ক :** শঙ্কাকে শেষ পর্যন্ত সত্যি করে আফগানিস্তানের বিপক্ষে একমাত্র টেস্টে খেলতে পারছেন না সাকিব আল হাসান। চোট পাওয়া অধিনায়কের জায়গা বাংলাদেশকে নেতৃত্ব দেবেন লিটন কুমার দাস। স্কোয়াডে নতুন মুখ আছে দুটি। ব্যাটসম্যান শাহাদাত হোসেনের সঙ্গে বড় চমক হয়ে দলে এসেছেন তরুণ পেসার মুশফিক হাসান। গত মাসে ইংল্যান্ড সফরে আয়ারল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজে ক্যাচ নিতে গিয়ে আঙুলে চোট পান সাকিব। সেটিই তাকে দূরে রাখছে আফগানদের বিপক্ষে এই টেস্ট থেকে। গত কিছুদিনে অনেকটাই নিশ্চিত হয়ে গিয়েছিল তার খেলতে না পারা। দল ঘোষণায় সেটি নিশ্চিত হলো। আপতকালীন দায়িত্বে সীমিত ওভারের দুই সংস্করণে বাংলাদেশকে নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতা আছে লিটনের। তামিম ইকবালের চোটে গত ডিসেম্বরে ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজ জয়ে নেতৃত্ব দেন তিনি। ২০২১ সালে নিউ জিল্যান্ড সফরে নেতৃত্ব দিয়েছিলেন একটি টি-টোয়েন্টিতে। সব ঠিকঠাক থাকলে এবার ক্রিকেটের সবচেয়ে অভিজাত সংস্করণে দেশের ব্লেজার গায়ে চাপিয়ে টস করতে নামবেন তিনি। বাংলাদেশের দ্বাদশ টেস্ট অধিনায়ক হবেন তিনি। প্রথমবার দলে সুযোগ পাওয়া শাহাদাত হোসেন ২০২০ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপজয়ী বাংলাদেশ দলের সদস্য। যুব বিশ্বকাপের পর প্রত্যাশিত গতিতে এগোয়নি তার ক্যারিয়ার। তবে ঘরোয়া ক্রিকেটে প্রতিভার ছাপ রেখেছেন নানা সময়ে। যদিও খুব ধারাবাহিক হতে পারেননি। তাই ঘরোয়া ক্রিকেটে তার ক্যারিয়ারও সমৃদ্ধ নয়। ২০টি প্রথম শ্রেণির ম্যাচে ২টি সেঞ্চুরি তার, ব্যাটিং গড় ৩৬.১৪। সবশেষ ঘরোয়া মৌসুমেও লাল বলের ক্রিকেটে ভালো কিছু করতে পারেননি ২১ বছর বয়সী ব্যাটসম্যান। জাতীয় লিগে ৬ ইনিংস খেলে স্রেফ ১১৫ রান করেছিলেন ১৯.৫৮ গড়ে। পরে বিসিএলে ৫ ইনিংসে ২ ফিফটিতে ১৯৪ রান করেন ৩৮.৭৯ গড়ে। তিনি টেস্ট দলে সুযোগ পেয়েছেন মূলত বাংলাদেশ 'এ' দলের হয়ে পারফরম্যান্সে। গত ডিসেম্বরে ভারত 'এ' দলের বিপক্ষে সিলেটে খেলেছিলেন ৮০ রানের দুর্দান্ত ইনিংস। কদিন আগে ওয়েস্ট ইন্ডিজ 'এ' দলের বিপক্ষে দ্বিতীয় আনঅফিসিয়াল টেস্টে খেলেন ৭৩ ও ৫০ রানের দারুণ দুটি ইনিংস। মুশফিকের ডাক পাওয়া বড় চমক মূলত তার অভিজ্ঞতা যথেষ্ট কম বলে। তবে এবার ঘরোয়া ক্রিকেটে তার পারফরম্যান্স ছিল দুর্দান্ত। এবার জাতীয় লিগ দিয়ে তার লাল বলের ক্রিকেটে অভিষেক। প্রথম মৌসুমে রংপুর বিভগের হয়ে ৬ ম্যাচে নেন ২৫ উইকেট। এই পারফরম্যান্সের পর তাকে ভারত 'এ' দলের বিপক্ষে বাংলাদেশ 'এ' দলে নেওয়া হয়। আনঅফিসিয়াল সেই টেস্টে নেন ৩ উইকেট। পরে বিসিএলে ৪ ম্যাচে তার শিকার ছিল ১৬ উইকেট। এরপর এবার বাংলাদেশ 'এ' দলের হয়ে সিলেটে ওয়েস্ট ইন্ডিজ 'এ' দলের বিপক্ষে দুটি আনঅফিসিয়াল টেস্ট খেলে মোট ৫ উইকেট নেন শক্তপোক্ত গড়নের এই ২০ বছর বয়সী পেসার। এসব পারফরম্যান্সের হাত ধরে দ্রুত চলে এলেন তিনি টেস্ট দলেও। সবশেষ আয়ারল্যান্ডের বিপক্ষে ১৪ জনের স্কোয়াড থেকে এবার ১৫ জনের দলে সাকিব ছাড়াও নেই ওপেনার সাদমান ইসলাম ও পেসার রেজাউর রহমান রাজা। দুজনই মূলত চোট পাওয়াদের বদলি হিসেবে ছিলেন দলে। বাদ পড়লেন তারা ম্যাচ না খেলেই। আইরিশদের বিপক্ষে ওই টেস্টের স্কোয়াডে শুরুতে থাকলেও পরে চোটের কারণে ছিটকে গিয়েছিলেন তাসকিন আহমেদ।

# যে কারণে সরে দাঁড়ালেন রাইবাকিনা

**স্পোর্টস ডেস্ক :** চলমান ফেঞ্চ ওপেনে মেয়েদের এককে এলেনা রাইবাকিনা লড়ছিলেন ফেবারিটের তকমা গায়ে লাগিয়ে। উড়ে চলছিলেন আসরের শুরু থেকে, প্রথম দুই রাউন্ড জিতেছেন সরাসরি সেটে। তবে হুট করে অসুস্থ হয়ে পড়ায় তৃতীয় রাউন্ডেই থেমে যাচ্ছে কাজাকিস্তানের এ তারকা খেলোয়াড়ের এবারের যাত্রা। গত শনিবার তৃতীয় রাউন্ডে স্পেনের সারা সরিবস তোর্মোর মুখোমুখি হওয়ার কথা ছিল রাইবাকিনার। কিন্তু তার আগেই সরে দাঁড়ানোর ঘোষণা দেন উইম্বলডন চ্যাম্পিয়ন। এ প্রসঙ্গে তিনি বলেন, 'গত দুই দিনে ভালোমতো ঘুমাতে পারিনি আমি। জ্বর, মাথাব্যথা ছিল। এই অবস্থায় পারফর্ম করা, দৌড়ানো এমনকি নিশ্বাস নেওয়াটাও কঠিন। তাই আমি মনে করি এটাই (সরে দাঁড়ানো) একমাত্র সঠিক সিদ্ধান্ত ছিল যা আমি নিতে পারতাম।' এর আগে ফ্রেঞ্চ ওপেনের গত আসরেও তৃতীয় রাউন্ড থেকে বাদ পড়েছিলেন ২৩ বছর বয়সি রাইবাকিনা। কিন্তু এবারের আসরে তার সামনে সুযোগ ছিল ভালো কিছু করার। ফর্মের চূড়ায় থেকে নাম লেখান তিনি। প্রথম রাউন্ডে ৬-৪, ৬-২ গেমে উড়িয়ে দেন ব্রেন্দা ফ্রুভির্তোভাকে। দ্বিতীয় রাউন্ডে পাত্তা পাননি চেক প্রজাতন্ত্রের আরেক খেলোয়াড় লিন্দা নসকোভাও। রিবাকিনার কাছে ৬-৩, ৬-৩ গেমে হারেন তিনি।



# বাংলাদেশে মাইন্ড ট্রেনার অ্যালান ব্রাউন, আসছেন মনোবিদ

**স্পোর্টস ডেস্ক :** অনুশীলন শুরু দুপুর ২টায়। বেলা ১১টার আগেই মিরপুর শের-ই বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে হাজির চান্দিকা হাথুরুসিংহে। টিম ম্যানেজার নাফিস ইকবালকে সঙ্গে নিয়ে উইকেট দেখার সময় বাংলাদেশের প্রধান কোচের সঙ্গী অচেনা একজন। পরে জানা গেল তার নাম-পরিচয়। নাম অ্যালান ব্রাউন। মেন্টাল স্ট্রেংথ ও মাইন্ড ট্রেইনার হিসেবে তাকে উড়িয়ে এনেছে বিসিবি। তবে আনুষ্ঠানিকভাবে তার সঙ্গে কোনো চুক্তি হচ্ছে না। আগামী দুই সপ্তাহ জাতীয় দলের সঙ্গে কাজ করবেন অস্ট্রেলিয়ান এই বিশেষজ্ঞ। বিসিবির ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান জালাল ইউনুস জানান, আগামী অগাস্টে জাতীয় দলের জন্য একজন মনোবিদও আনা হবে। ‟এখন মাইন্ড ট্রেইনারের সঙ্গে কাজ করা হবে দুই সপ্তাহের মতো। এরইমধ্যে কাজ শুরু করে দিয়েছেন তিনি। এরপর একজন মনোবিদও আসবেন, ফিল জোন্সি। অগাস্টের ১০-১১ তারিখের দিকে বাংলাদেশে আসতে পারেন তিনি।চ বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের সহকারী ব্যবস্থাপক শাহরিয়ার নাফীস সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে জানান, অনলাইনে আগেই কাজ শুরু করে দিয়েছেন ব্রাউন।



# এবার আল ইত্তিহাদে যাচ্ছেন বেনজেমা

**স্পোর্টস ডেস্ক :** করিম বেনজেমার রিয়াল মাদ্রিদ ছাড়ার আনুষ্ঠানিক ঘোষণা পরপরই শক্ত ভিত পেল তার ভবিষ্যৎ ঠিকানা নিয়ে পুরনো গুঞ্জন। সৌদি আরবের রাষ্ট্রিয় টেলিভিশন আল একবারিয়া জানিয়েছে যে, দেশটির ক্লাব আল ইত্তিহাদের সঙ্গে চুক্তির ব্যাপারে সম্মত হয়েছেন ফরাসি তারকা। তাদের প্রতিবেদনে আরও বলা হয়েছে, ফ্রি এজেন্ট বেনজেমার চুক্তি হবে দুই বছরের। রিয়ালের ওয়েবসাইটে দেওয়া বিবৃতিতে বেনজেমার ক্লাব ছাড়ার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। চলতি মাসেই ক্লাবটির সঙ্গে চুক্তির মেয়াদ শেষ ৩৫ বছর বয়সী ফরোয়ার্ডের। আল একবারিয়ার খবর অনুযায়ী, আল ইত্তিহাদ ক্লাবের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান মাদ্রিদে গিয়েছিলেন বেনজেমার সঙ্গে রেকর্ড চুক্তি করার জন্য। রিয়ালের জার্সিতে ১৪ বছরের সাফল্যে ভরা ক্যারিয়ারের শেষ ধাপে রোববার মাঠে নামবেন বেনজেমা। ঘরের মাঠে আথলেতিক বিলবাওয়ের বিপক্ষে ম্যাচটি দিয়ে শেষ হবে তার মাদ্রিদের দলটিতে পথচলা।

# 'আত্মবিশ্বাস নিয়েই চ্যাম্পিয়ন্স লিগ ফাইনাল খেলব'

**স্পোর্টস ডেস্ক :** সাফল্যের রঙে এবারের সেরি আ রাঙাতে পারেনি ইন্টার মিলান। তৃতীয় স্থানে থেকে শেষ করেছে লিগ। তবে লিগে নিজেদের শেষ ম্যাচে তোরিনোর বিপক্ষে পাওয়া জয়ে অন্যরকম অনুপ্রেরণা খুঁজে নিচ্ছেন দলটির কোচ সিমোনে ইনজাগি। এই জয়ের রঙ মেখে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনাল রাঙাতে চান তিনি। ইউরোপ সেরার লড়াইয়ে আগামী ১০ জুন ইস্তানবুলে সিটির মুখোমুখি হবে ইন্টার। এর আগে নিজেদের সবশেষ ম্যাচে শনিবার মার্সেলো ব্রোজোভিচের একমাত্র গোলে তোরিনোকে হারিয়েছে ইনজাগির দল। এদিকে সিটিও উড়ছে দারুণ ছন্দে। একই দিনে এফএ কাপের ফাইনালে নগর প্রতিদ্বন্দ্বী ম্যানচেস্টার ইউনাইটেডকে ২-১ গোলে হারিয়ে 'ডাবল' পূরণ করেছে তারা। ওই জয়ের পর সিটি কোচ পেপ গুয়ার্দিওলা কষতে শুরু করেছেন 'ট্রেবল'-এর ছক। দুর্বার সিটির স্বপ্ন গুঁড়িয়ে দেওয়া মোটেও সহজ হবে না ইন্টারের জন্য। তবে ইটালিয়ান লিগের দলটির সাম্প্রতিক ফর্ম বলছে তারাও ছেড়ে কথা বলবে না। সব প্রতিযোগিতা মিলিয়ে সবশেষ ১২ ম্যাচের ১১টিতে জিতে আত্মবিশ্বাসের তুঙ্গে তারাও। তবে লিগে দলের পারফরম্যান্স নিয়ে হতাশা আড়াল করেননি ইনজাগি। ডিএজেডএনের সঙ্গে আলাপচারিতায় ইন্টার কোচ জানালেন, লিগে কিছু হারের চড়া মাশুল গুনতে হয়েছে তার দলের। "জয়ের আনন্দ আছে, কিন্তু কিছু হার থেকে আমরা শিখেছি, যে হারগুলো আমাদেরকে লিগে এই অবস্থানে রেখেছে। আজ আমি জিততে চেয়েছিলাম, কেননা, এটার জন্য আমরা ক্লাব ও ক্লাবের সমর্থকদের কাছে ঋণী। টেবিলে নিজেদের অবস্থানের উন্নতি চেয়েছিলাম আমরা, সেরি আয় সবশেষ ৯ ম্যাচের আটটি জিতেছি।" চোটের থাবায় মৌসুমে বেশ ভুগতে হয়েছে ইন্টারকে। সব বাধা পেরিয়ে তারা যে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে উঠবে, এমন বাজি ধরার লোক ছিল না। তবে এখন আর পিছু ফিরে তাকাতে চান না ইনজাগি। "ব্রোজোভিচ ও রোমেলো লুকাকুর মতো গুরুত্বপূর্ণ খেলোয়াড় পাঁচ মাসের মতো বাইরে ছিল। এটা কোনো অজুহাত নয়, কিন্তু তারা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। অবশ্যই ম্যাচ ও ট্রফি জয় আত্মবিশ্বাস বয়ে আনে এবং গত আড়াই মাসে আমরা দুর্দান্ত পারফরম করেছি, সেরি আর টেবিলে অন্যান্যের সঙ্গে দুরত্ব কমিয়ে আনতে। ফেব্রুয়ারিতে আমরা চ্যাম্পিয়ন্স লিগ জোন (লিগ টেবিলের সেরা চার) থেকে অনেক দূরে ছিলাম এবং সেটা ইন্টারের জন্য অগ্রহনযোগ্য ছিল।" "এখন আমাদের মনে চ্যাম্পিয়ন্স লিগের চমৎকার একটা স্বপ্ন আছে।



# ফাইনালে হেইজেলউডের বদলি নিসার

**স্পোর্টস ডেস্ক :** চোটের সঙ্গে জশ হেইজেলউডের লড়াই চলছে অনেক দিন ধরে। সেরে ওঠার পথে থাকা অভিজ্ঞ এই পেসারকে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে পাওয়ার আশায়ও ছিল অস্ট্রেলিয়া। কিন্তু পুরোপুরি সুস্থ হতে না পারায় শেষ পর্যন্ত তাকে ছাড়াই ভারতের বিপক্ষে লড়তে হবে তাদের। ইংল্যান্ডের দা ওভালে আগামী বুধবার শুরু টেস্ট চ্যাম্পিয়নশিপের দ্বিতীয় চক্রের ফাইনাল। এই ম্যাচে হেইজেলউডের বদলি হিসেবে আরেক পেসার মাইকেল নিসারকে দলে যোগ করার কথা রোববার নিশ্চিত করে অস্ট্রেলিয়া। ১৮ মাস ধরে চোটের সঙ্গে লড়াই করছেন হেইজেলউড। বাম পায়ের অ্যাকিলিসের চোটে গত জানুয়ারির পর চার মাস মাঠের বাইরে ছিলেন তিনি। আইপিএল দিয়ে আবার মাঠে ফেরেন ৩২ বছর বয়সী এই পেসার। কিন্তু চোট তার পিছু ছাড়েনি। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালোরের হয়ে তিন ম্যাচ খেলতেই ছোট একটি চোটে তাকে ফিরে যেতে হয় দেশে। সেই সমস্যা থেকে সেরে উঠছেন তিনি, কদিন আগে জানায় ক্রিকেট অস্ট্রেলিয়া। অস্ট্রেলিয়ার প্রধান নির্বাচক জর্জ বেইলিও রোববার বললেন, চোট কাটিয়ে ওঠার খুব কাছেই আছেন হেইজেলউড। টেস্ট চ্যাম্পিয়নশিপের পর অ্যাশেজ সিরিজ থাকায় তাকে নিয়ে ঝুঁকি নিতে নারাজ তারা। "খেলার সবুজ সংকেত পাওয়ার খুবই নিকটে ছিল জশ। তবে আমরা জানি যে, আমাদের আসছে সূচি মানে এই একটি টেস্ট ম্যাচ নয়।" "এজবাস্টন টেস্টের আগে এটি (বিশ্রাম) জশকে আদর্শ প্রস্তুতি নেওয়ার সুযোগ দেবে। সাত সপ্তাহের কিছু বেশি সময়ের মধ্যে ছয়টি টেস্ট ম্যাচের জন্য আমাদের সব ফাস্ট বোলারকে প্রয়োজন হবে।" অস্ট্রেলিয়ার হয়ে ২ টেস্টের সবশেষটি নিসার খেলেন গত ডিসেম্বরে, ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে। এই সংস্করণে তার নামের পাশে উইকেট ৭টি। প্রথম শ্রেণির ক্যারিয়ার অবশ্য ভালোই সমৃদ্ধ ৩৩ বছর বয়সী নিসারের। ৯৬ ম্যাচে ৩৪৭ শিকার ধরেছেন তিনি। ইনিংসে ১০ বার পাঁচ উইকেট ও ১৬ বার নিয়েছেন চারটি।

# আবেগের কোনো জায়গা নেই, রিয়াদ প্রসঙ্গে সুজন

**স্পোর্টস ডেস্ক :** অভিজ্ঞ অলরাউন্ডার মাহমুদুল্লাহ রিয়াদকে নিয়ে বিগত বেশ কিছুদিন ধরেই জলঘোলা কম হয়নি বাংলাদেশের ক্রিকেটাঙ্গনে। বিশেষ করে ভারতের মাটিতে আসন্ন ওয়ানডে বিশ্বকাপ যত ঘনিয়ে আসছে রিয়াদকে নিয়ে ধোঁয়াশা ততই বাড়ছে। বিশ্বকাপের স্কোয়াডে রিয়াদ থাকবেন কিনা সেটি নিয়েই যত প্রশ্ন। রিয়াদের দলে থাকা না থাকা নিয়ে এবার সরাসরি কথা বলেছেন বিসিবি পরিচালক খালেদ মাহমুদ সুজন। তিনি বলেন, যাকে যোগ্য মনে হবে সেই সুযোগ পাবে বিশ্বকাপের স্কোয়াডে। কিছুদিন আগেও রিয়াদ জাতীয় দলের অপরিহার্য মুখ হলেও বর্তমানে অবস্থাটা পুরোটাই বিপরীত। দেশের মাটিতে আইরিশদের বিপক্ষে সিরিজে দল থেকে বাদ পড়েন রিয়াদ। তখন যদিও বিসিবির পক্ষ থেকে জানানো হয়েছিলো রিউয়াদকে বিশ্রাম দেওয়া হয়েছে। তবে ইংল্যান্ডের মাটিতে ফিরতি আয়ারল্যান্ড সিরিজেও দলে জায়গা পাননি রিয়াদ। নিজের বয়সের ছাপ আর ফিটনেসের ঘাটতি তো আছেই, সঙ্গে সাম্প্রতিক ফর্মটাও কথা বলছে সাইলেন্ট কিলারের প্রতিপক্ষ হয়েই। রিয়াদের বিষয়ে কথা বলতে গিয়ে বেসরকারি একটি টিভি চ্যানেলকে সুজন জানান, 'এটা বাংলাদেশ ক্রিকেট দল, আবেগের কোনো জায়গা নয়। এখানে পারফরম্যান্স এবং যাকে প্রয়োজন হয় আমি তাকেই খেলাব। এমনকি প্রয়োজন হলে মাশরাফিকেও খেলাব। এতে কোনো সমস্যা নেই।' সুজন আরও বলেন, 'মিনহাজুল আবেদীন নান্নু, হাবিবুল বাশার ও আবদুর রাজ্জাক এবং কোচরা বেতনভুক্ত। এটা (দল নির্বাচন) তাদের সিদ্ধান্ত। বিসিবি প্রেসিডেন্ট কিংবা অন্য কেউ বা আমার সিদ্ধান্ত না। তারা তাদের কাজ করুক। আর আমাদেরও আস্থা রাখতে হবে নির্বাচক ও ম্যানেজমেন্টের ওপর, তারা যেটা চাইবে সেটা সবচেয়ে ভালোটা চাইবে।'


## এ্যাফিডেভিট

আমি মোছাঃ নাজমা খাতুন MST. NAZMA KHATUN, পিতাঃ মোঃ আরিফ মন্ডল, মাতা-মোছা: আছমানী বেগম, সাং-গোবিন্দপুর, ডাকঘর: ঝিনাইদহ সদর, উপজেলা ও জেলা-ঝিনাইদহ। আমার পুত্র নুর আহমাদ NUR AHMAD, এর জুনিয়ার দাখিল সার্টিফিকেট পরীক্ষার (যার রোল নং,২৮৫০৬১, রেজি নং-১৯১৮৭৮২২৬২, শিক্ষাবর্ষ-২০১৯, কেন্দ্র-ঝিনাইদহ-১) ও দাখিল সার্টিফিকেট পরীক্ষার (যার রোল নং-২০৩৬৫১, রেজি নং-১৯১৮৭৮২২৬২, শিক্ষাবর্ষ-২০২০-২১, কেন্দ্র-ঝিনাইদহ-১, শিক্ষা প্রতিষ্ঠান- ভুটিয়ারগাতী (রসুলপুর) আলিম মাদ্রাসা, ঝিনাইদহ, উভয় শিক্ষাবোর্ড- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা') সার্টিফিকেট, রেজিস্ট্রেশন কার্ড ও এ্যাডমিট কার্ডে আমার নাম ভুলবশত বাংলায় তানিয়া বেগম, ইংরেজিতে TANIA BEGUM, লেখা হয়েছে। প্রকৃতপক্ষে আমার সঠিক নাম বাংলায় মোছা: নাজমা খাতুন MST. NAZMA KHATUN লেখা হবে। যা বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থিত হয়ে এ্যাফিডেভিট করা হয়েছে।


## বিনোদন



# রাজের সঙ্গে বিচ্ছেদের ইঙ্গিত দিলেন পরীমণি

**বিনোদন ডেস্ক :** সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যক্তিগত মুহূর্তের ছবি-ভিডিও ক্লিপ ভাইরালের পরই স্বামী ও চিত্রনায়ক শরিফুল রাজের সঙ্গে সংসারজীবনের টানাপড়েনের ইঙ্গিত দিয়েছিলেন পরীমণি। এদিকে, নিজের ফেসবুক আইডি থেকে অভিনেত্রী তানজিন তিশা, নাজিফা তুষি ও সুনেরাহ বিনতে কামালের সঙ্গে ফাঁস হওয়া ছবি-ভিডিও নিয়ে রাজও কিছুটা বাজে সময়ের মধ্য দিয়ে যাচ্ছেন। এরই মধ্যে ফেসবুকে রাজের উদ্দেশে নিজের আক্রোশ প্রকাশ করেছেন পরীমণি। নিজের ফেসবুক পোস্টে অনৈতিক সম্পর্ক আর মদ্যপ স্বভাবের জন্য রাজকে ভর্ৎসনা করেছেন এ চিত্রনায়িকা। গতকাল রোববার নিজের ব্যক্তিগত ফেসবুক আইডি থেকে দেওয়া এক পোস্টে পরীমণি বলেন, "শরিফুল রাজ, তুমি আমার দেখা নিকৃষ্টতম মানুষ। তোমার ওই নোংরা মুখে কখনও রাজ্যের নাম উচ্চারণের দুঃসাহসও দেখাবে না। আজও মাঝরাতে তোমার মাতলামি মেনে নিয়ে বাচ্চাকে দেখাতে নিয়ে গেছিলাম তোমার কাছে! পশু থেকে আগে তোমার উচিত সুস্থ স্বাভাবিক মানুষ হওয়া। অপেক্ষা করো আর দেখো সুন্দরী প্রেমিকাদের আমি কী করি। এ পৃথিবীর মানুষের অনেক কিছু দেখার বাকি আছে।" অভিনেতা শাহরিয়ার নাজিম জয়ের সঙ্গে শরিফুল রাজের ফোনালাপের ভিডিও শেয়ার করে ক্যাপশনে পরীমণি এসব কথা বলেন। ভিডিওতে দেখা যায়, পরীমণিই ফেসবুকে তিশা, তুষি, সুনেরাহর সঙ্গের ব্যক্তিগত ছবি-ভিডিও ফাঁস করেছে- জয়ের এমন ধারণায় রাজ সহমত পোষণ করছেন। অভিনেত্রী তানজিন তিশা, নাজিফা তুষি ও সুনেরাহ বিনতে কামালের সঙ্গের ছবি-ভিডিও ফাঁস হওয়া নিয়ে পরীমণিকে দায়ী করেন শাহরিয়ার। এরপর এ অভিনেতা পরীমণিকে বয়কটেরও ঘোষণা দেন। যদিও সঙ্গে এও বলেন, তার ধারণা ভুল প্রমাণিত হলে তিনি পরীমণির কাছে ক্ষমা চাইবেন। সেই ভিডিও ভাইরাল হওয়ায় পর জয়কে ফোন করেন রাজ। জয় ভেবেছিলেন পরীমণির বিরুদ্ধে অভিযোগ তোলায় রাজ হয়তো তার ওপর ক্ষোভ প্রকাশ করবেন। তবে ঘটেছে বিপরীত। জয়ের ভাষ্য, রাজ ওই ভিডিওটি পছন্দ করেছেন এবং তার সঙ্গে নিজের পরিস্থিতি নিয়ে কথা বলেছেন। জয় তার পেজ থেকে রাজের সঙ্গে সেই আলাপের কিছু অংশও পোস্ট করেছেন। ফোনালাপে শরিফুল রাজ বলেন, "আমার মনে হয় না বিয়ের আগের বিষয়গুলো কোনো বড় ব্যাপার। আমি কখনও কাউকে কারও অতীত জীবনের জন্য অসম্মান করিনি। সে ভালো মানুষের সঙ্গে রয়েছেন, যারা তাকে প্রভাবিত করার চেষ্টা করেন। তার স্বামী হিসাবে দাবি করার কারণে হয়ত আমাকে অভিনয় বন্ধ করতে হবো। আপনি আমাকে নিজের অবস্থান ফিরে পাওয়ার কথা বলেছিলেন। কিন্তু সেটা করার জন্য বড়সড় ঝামেলা করতে হতে পারে। আমার মনে হয় না এখন এমন কিছু করা উচিত।" এ অভিনেতা আরও বলেন, "আমরা স্বাভাবিকভাবেই কথাবার্তা বলছি, সবই ঠিক আছে। কিন্তু পরদিন সে ফেসবুকে আমার ব্যক্তিগত জিনিস ছেড়ে দেয়। এসব দেখে মাঝেমাঝে আমি ধন্দে পড়ে যাই।" এছাড়া, স্ত্রীর সঙ্গে সাংসারিক ঝামেলা মিটিয়ে ফেলতে সাংবাদিকরা তাকে অনুরোধ জানিয়েছে বলে উল্লেখ করেন রাজ। রাজ বলেন, "আমি জীবনে অনেক সংগ্রাম করেছি। যখনই আমি ভালো সময় পার করতে যাই, আমাকে হয়রানির মুখে পড়তে হয়। সংবাদপত্র থেকে পারিবারিক জীবন নিয়ে আমাকে কথা শুনতে হয়।" সুনেরাহ-তিশাকে এখনও নিজের ভালো বন্ধু দাবি করে এ ঢালিউড তারকা বলেন, "সম্প্রতি আমি শুটিংয়ের সময় সুনেরাহর সঙ্গে কথা বলেছি। তারা বিষয়টি নিয়ে হতাশ এবং আমিও একই অবস্থার মধ্য দিয়ে যাচ্ছি। আমি ঠিক আছি নাকি জানার জন্য তারা আমাকে ফোন করেছিল। বিয়ের আগে তাদের সঙ্গে ভালো বন্ধুত্ব তৈরি হয়েছিল। আমি বুঝি না সে আমাকে নিয়ে নিরাপত্তাহীনতায় ভোগে কেন। সে দীর্ঘদিন ধরে ইন্ডাস্ট্রিতে কাজ করছে। পর্দায় অভিনেত্রীদের রোমান্টিক দৃশ্য না করতে এখন কি আমাকে অভিনয় থামিয়ে দিতে বা মেয়েদের মতো বেশভূষা নিতে হবে। ১২ দিন ধরে তার সঙ্গে আমার যোগাযোগ নেই।"

# ঈদে আসছে 'ফিমেল ৩'

**বিনোদন ডেস্ক :** ব্যাটারি গলিতে ব্যতিক্রম কিছু যুবকের বাস। কেউ সারাক্ষণ ড্যান্স নিয়ে ব্যস্ত, কারও মনোযোগ বডি বিল্ডিংয়ে; আবার কারও মধ্যে ডিশ ও ইন্টারনেট লাইন নিয়ে ঝামেলা। এসবের মধ্যে হঠাৎ এক সুন্দরী নারীর আগমন। অতঃপর তাকে ঘিরে আরও বড় গ্যাঞ্জাম! এরকম গল্পে দুটো নাটক ইতোপূর্বে প্রচার হয়েছে। এগুলো হলো 'ফিমেল' ও 'ফিমেল ২'। কাজল আরেফিন অমি পরিচালিত নাটক দুটি বিপুল দর্শকপ্রিয়তা পেয়েছিল। নাটকগুলোর ভিউ যথাক্রমে ২৩ মিলিয়ন ও ১৮ মিলিয়ন। দর্শকের এই আগ্রহের কথা মাথায় রেখে ফের ব্যাটারি গলির গল্প সাজালেন অমি। হ্যাঁ, আসছে 'ফিমেল ৩'। আসন্ন ঈদুল আজহায় বঙ্গ-এর ইউটিউব চ্যানেলে মুক্তি পাবে নাটকটি। আগের মতো এই পর্বেও থাকছেন মিশু সাব্বির, জিয়াউল হক পলাশ, মারজুক রাসেল, চাষী আলম, শরাফ আহমেদ জীবন, সাইদুর রহমান পাভেল, মুসাফির সৈয়দ বাচ্চু, সুমন পাটোয়ারী, লামিমা লাম, শিমুল শর্মা প্রমুখ। নতুন ভূমিকায়ও পাওয়া যাবে কয়েকজনকে। নাটকটির গল্প প্রসঙ্গে কিছুটা ধারণা দিলেন নির্মাতা অমি। বললেন, 'ব্যাটারি গলিতে আর আগের মতো গ্যাঞ্জাম নেই।

# টিজারে সাড়া ফেললো 'অন্তর্জাল'

**বিনোদন ডেস্ক :** প্রকাশিত হলো দীপংকর দীপন পরিচালিত দেশের প্রথম সাইবার থ্রিলার ছবি 'অন্তর্জাল'র টিজার। গত শনিবার রাত ৮টায় ইউটিউব ফেসবুকে টিজারটি উন্মুক্ত করা হয়। নেটিজেনদের কাছে সিয়াম-মীম-সুনেরাহ-এবিএম সুমনদের নিয়ে ১ মিনিট ২০ সেকেন্ডের টিজারটি সাড়া ফেলে দিয়েছে। এটি দেখে, সামাজিক যোগাযোগ মাধ্যমেও চলছে ইতিবাচক আলোচনা। তিন তরুণের বুদ্ধিভিত্তিক উদ্ভাবন ও সাইবার ওয়ার্ল্ডে হামলা নিয়ে এক কল্পিত দুনিয়ার বাস্তব লড়াই নিয়ে 'অন্তর্জাল' ছবি। প্রযুক্তি একটি রাষ্ট্রকে কৃত্রিম সংকটের মুখে ফেলে দেয়, সেই সংকট থেকে উত্তরণের অভিযাত্রা নিয়েই 'অন্তর্জাল'। পরিচালক দীপংকর দীপন মনে করেন, বাংলা সিনেমার বর্তমান সময়টা খুবই রঙিন। সেই রঙিন সময়ে দর্শকদের সামনে সাইবার ভিত্তিক ছবি 'অন্তর্জাল' এক দারুণ অভিজ্ঞতা তৈরি করবে। তিনি বলেন, টিজারের মাধ্যমে দর্শকদের সেই বার্তা দিয়েছি। ঈদুল আযহার বাংলাদেশসহ বিশ্বের পাঁচ মহাদেশের মুক্তি পাবে অন্তর্জাল। এতে অভিনয় করা সিয়াম আহমেদ বলেন, আমরা প্রতিদিনই ব্যক্তি থেকে শুরু করে রাষ্ট্রীয় পর্যায়ে পর্যন্ত সাইবার হামলার শিকার হচ্ছি। প্রতিরোধ আর সেই জাল ছিন্ন ভিন্ন করার এক উপায় নিয়ে এই অন্তর্জাল। দর্শকদের রোমাঞ্চকর অভিজ্ঞতা পাবেন। ঢাকা অ্যাটাক, অপারেশন সুন্দরবন বানিয়ে আলোচিত হওয়া নির্মাতা দীপন জানান, বর্তমানে শেষ মুহূর্তের কাজ চলছে।





# নতুন রূপে নিপুণ

**বিনোদন ডেস্ক :** একাধিকবার জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী নাসরিন আক্তার নিপুণ। চলচ্চিত্র ও দর্শক মহলে যিনি কেবলমাত্র নিপুণ নামেই পরিচিত। বর্তমানে বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সাধারণ সম্পাদক হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করছেন। সাধারণ সম্পাদক হিসেবে সমিতির দায়িত্ব পালন ছাড়াও চলচ্চিত্র সংক্রান্ত বিভিন্ন অনুষ্ঠানে নিয়মিত অংশ নিচ্ছেন এই লড়াকু কন্যা। পাশাপাশি শুটিং এবং ব্যবসার কাজেও বেশ ব্যস্ত রয়েছেন তিনি। বর্তমানে এই অভিনেত্রীর হাতে রয়েছে বেশ কয়েকটি সিনেমার কাজ। যার মধ্যে অন্যতম একটি চলচ্চিত্র হচ্ছে 'আজান'। বাংলাদেশের চলচ্চিত্রের ইতিহাসে অন্যতম আলোচনা সৃষ্টি করা 'মাতৃত্ব'খ্যাত পরিচালক জাহিদ হোসেন সিনেমাটি নির্মাণ করছেন। এতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছেন নিপুণ আক্তার। চলচ্চিত্রের কাহিনি সম্পর্কে এই অভিনেত্রী জানান, মূলত মহান মুক্তিযুদ্ধের পরবর্তী সময়ে ১৯৭৫ সালে দেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার প্রতিক্রিয়ায় সামাজিক অর্থনৈতিক ও রাজনৈতিক পরিস্থিতিতে কী প্রভাব পড়েছিল, তা তুলে ধরা হয়েছে চলচ্চিত্রটিতে। পাশাপাশি গ্রামের দলিত মানুষ এবং স্বাধীনতার স্বপক্ষদের অপরাজনীতি আর অপসংস্কৃতির কবলে পরে, নিদারুন কঠিন জীবনযাপনও উঠে এসেছে 'আজান' সিনেমাটিতে। গত ২৫ এপ্রিল থেকে ৮ মে পর্যন্ত কালিগঞ্জের বিভিন্ন লোকেশনে প্রচণ্ড গরমের মধ্যে এই চলচ্চিত্রটির শুটিং সম্পন্ন হয়েছে। নিপুণ এই সিনেমায় অসাধারণ অভিনয় করেছেন মন্তব্য করে পরিচালক জাহিদ হোসেন বলেন, 'নিপুণ একজন জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত গুণী অভিনেত্রী। নিপুণ যে চরিত্রটিতে অভিনয় করেছেন তা ভীষণ চ্যালেঞ্জিং একটি চরিত্র। চরিত্রের ভেতরে প্রবেশ করে নিপুণ দুর্দান্ত অভিনয় করেছেন। যে কারণে সিনেমাটি নিয়ে আমি আরও বেশি আশাবাদী হয়ে উঠেছি। আমরা পুরো টিমই আসলে এখন সিনেমাটি মুক্তির অপেক্ষায় আছি। আপাতত সিনেমাটির নাম আযান হলেও এর নাম পরিবর্তনও হতে পারে।'